# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 23, 1433 Bangla, June 06, 2026, Saturday, No. 151, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said, climate change has emerged as one of the most serious global challenges facing humanity. [Jago FM: 10]

Indian Ministry of External Affairs spokesperson Randhir Jaiswal has said that India will take action against all foreign nationals including Bangladeshis, illegally residing in country as per the law. [Jago FM: 14]

A bilateral meeting was held between Foreign Minister Dr Khalilur Rahman and Turkish Foreign Minister Hakan Fidan - expanding bilateral trade and investment issues were discussed. [R. Tehran: 07]

LGRD Minister has said, country's political environment is being damaged due to misuse of social media and deliberate misinformation. [R. Today: 18]

Liberation War Affairs Minister has informed that Zia Memorial Museum in Chattogram will reopen for visitors shortly after renovation and modernisation work is completed. [Jago FM: 12]

Workers and employees at Eastern Refinery in Patenga, Chittagong, are continuing their protests to press for four key demands. [Jago FM: 11]

BGB thwarted an attempt by India's Border Security Force to push 17 people, including women and children, into Bangladesh through the Sapahar border in Naogaon. [Jago FM: 12]

Five more people have died from measles-like symptoms in country. [DW: 09]

Seven people have died of AIDS-related complications & 37 new HIV-positive cases were detected in last five months in Cumilla. [Jago FM: 15]

Hezbollah has rejected the new US-backed ceasefire agreement between Israel and Lebanon. [DW: 09]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**জ্যৈষ্ঠ ২৩, বাংলা ১৪৩৩, জুন ০৬, ২০২৬, শনিবার, নং- ১৫১, ৫৬তম বছর**

# শিরোনাম

বর্তমানে জলবায়ু সংকট সমগ্র মানবজাতির জন্য অন্যতম বড় বৈশ্বিক চ্যালেঞ্জ বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [জাগো নিউজ: ১০]

ভারতে অবৈধভাবে অবস্থানরত বাংলাদেশিসহ সব বিদেশি নাগরিকের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে -- জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। [জাগো এফএম: ১৪]

পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে ঢাকা সফররত তুরস্কের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠকে দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ বিষয়ে আলোচনা হয়েছে। [রে. তেহরান: ০৭]

স্থানীয় সরকারমন্ত্রী বলেছেন, সামাজিক যোগাযোগমাধ্যমের অপব্যবহার এবং উদ্দেশ্যপ্রণোদিত ভুল প্রচারণার কারণে দেশের রাজনৈতিক পরিবেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে। [রে. টুডে: ১৮]

চট্টগ্রামে জিয়া স্মৃতি জাদুঘর সংস্কার করে দ্রুত সময়ের মধ্যে দর্শনার্থীদের জন্য পুনরায় উন্মুক্ত করা হবে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী। [জাগো নিউজ: ১২]

চার দফা দাবি আদায়ের লক্ষ্যে টানা আন্দোলন চালিয়ে যাচ্ছেন চট্টগ্রামে দেশের একমাত্র জ্বালানি তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারির শ্রমিক-কর্মচারীরা। [জাগো নিউজ: ১১]

নওগাঁর সাপাহার সীমান্ত এলাকা দিয়ে নারী-পুরুষ এবং শিশুসহ ১৭ জনকে `পুশ-ইনের, চেষ্টা চালিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী। তবে বিজিবির তাৎক্ষণিক তৎপরতায় বাংলাদেশে প্রবেশ করতে ব্যর্থ হয় তারা। [জাগো নিউজ: ১২]

দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৫ শিশুর মৃত্যু। [ডয়চে ভেলে: ০৯]

কুমিল্লায় এইচআইভি-এইডস সংক্রমণে গত পাঁচ মাসে মোট সাতজনের মৃত্যু হয়েছে। একই সময়ে আক্রান্ত হয়েছেন আরও ৩৭ জন। [জাগো নিউজ: ১৫]

যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় লেবানন ও ইসরায়েলের মধ্যে হওয়া যুদ্ধবিরতি চুক্তিটি প্রত্যাখ্যান করেছে হিজবুল্লাহ। [ডয়চে ভেলে: ০৯]

# বিবিসি

## ফখরুদ্দীন সরকারের প্রত্ন কেলেঙ্কারি; ফ্রান্সে প্রত্নসম্পদ পাঠানো ঘিরে ২০০৭ সালে যা ঘটেছিল

ঘটনাটি ঘটেছিল এখন থেকে প্রায় দুই দশক আগে। বাংলাদেশের রাষ্ট্র ক্ষমতায় তখন ফখরুদ্দীন আহমদের নেতৃত্বাধীন তত্ত্বাবধায়ক সরকার। ক্ষমতা গ্রহণের কিছুদিনের মধ্যেই সেনা সমর্থিত ওই সরকার দুর্নীতিবিরোধী অভিযানের নামে বড়ো বড়ো রাজনৈতিক নেতা, ব্যবসায়ী এবং আমলাকে গ্রেফতার করে জেলে ভরতে শুরু করে। এর মধ্যে জুলাই মাসে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা এবং সেপ্টেম্বরে বিএনপির তৎকালীন চেয়ারপার্সন খালেদা জিয়ার গ্রেফতারের খবরে সারা দেশে রীতিমতো তোলপাড় সৃষ্টি হয়। রাজনৈতিক এমন উত্তাল পরিস্থিতির মধ্যে আবার উপকূলে আঘাত হানে ঘূর্ণিঝড় 'সিডর'। বাংলাদেশের ইতিহাসে অন্যতম বড়ো এই ঘূর্ণিঝড়ে কয়েক হাজার মানুষ প্রাণ হারানোর পাশাপাশি ক্ষতিগ্রস্ত হয় উপকূল অঞ্চলের লাখ লাখ পরিবার। একের পর এক এসব ঘটনা ঘিরে সাধারণ মানুষের নজর যখন অন্যদিকে ব্যস্ত, তখন শিল্পী ও সমালোচকদের বিরোধিতা উপেক্ষা করে 'অনেকটা চুপিসারেই' তিন ডজনেরও বেশি প্রত্ননিদর্শন ফ্রান্সের গিমে জাদুঘরে প্রদর্শনীতে পাঠিয়েছিল ফখরুদ্দীন আহমদের সরকার। গুরুত্বপূর্ণ ওইসব প্রত্ননিদর্শন যে প্রক্রিয়ায় পাঠানো হয়েছিল, সেটি নিয়ে প্রথম থেকেই প্রশ্ন তুলে আসছিলেন বিশেষজ্ঞরা। এছাড়া, প্রদর্শনী শেষে সেগুলো অক্ষত অবস্থায় দেশে ফিরবে কি-না বা ফিরলেও রেপ্লিকা বা নকল প্রত্ননিদর্শন পাঠানো হয় কি-না, সেটা নিয়েও অনেকের মধ্যে উদ্বেগ লক্ষ্য করা যাচ্ছিল। এর মধ্যেই দ্বিতীয় চালানে আরও বেশকিছু প্রত্নসম্পদ ফ্রান্সে পাঠানোর সময় ঢাকার বিমানবন্দর থেকে প্রায় দেড় হাজার বছরের পুরোনো দুটি বিষ্ণুমূর্তি চুরি হয়ে যায়। এ ঘটনার পর প্রতিবাদ ও বিক্ষোভ শুরু হলে কয়েক মাসের মধ্যে ফ্রান্স থেকে প্রত্ননিদর্শনগুলো বাংলাদেশে ফিরিয়ে আনা হয়। সমালোচনার মুখে একপর্যায়ে পদত্যাগ করেন তৎকালীন সংস্কৃতি উপদেষ্টা আইয়ুব কাদরী। এ ঘটনার পর পরিস্থিতি কিছুটা শান্ত হলেও ফ্রান্স ফেরত পুরাকীর্তিগুলো সব আসল কি-না, সেটি নিয়ে সংশয় রয়েই গেছে। ফলে ১৪ বছর পর বিষয়টি খতিয়ে দেখার সিদ্ধান্ত নিয়েছে বর্তমান সরকার। বগুড়ার মহাস্থানগড়ের প্রত্নতাত্ত্বিক জাদুঘর থেকে ফ্রান্সে পাঠানো প্রত্ননিদর্শনগুলো পরীক্ষা-নিরীক্ষা করতে ইতোমধ্যেই একটি তদন্ত কমিটি গঠন করে দিয়েছেন বলে জানিয়েছেন ওই এলাকার সংসদ সদস্য এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। "এই কমিটি সরেজমিনে গিয়ে প্রত্ননিদর্শনগুলো কী অবস্থায় আছে এবং সেগুলোর সব অরিজিনাল কি-না বা কোনো রেপ্লিকা এসেছিল কি-না, সেটি তারা তদন্ত করে দেখে প্রতিবেদন জমা দেবে,„ বিবিসি বাংলাকে বলেন মি. আলম। কিন্তু ফখরুদ্দীন আহমদের সরকারের সময় ফ্রান্সে প্রত্ননিদর্শন পাঠানো ঘিরে ঠিক কী কী ঘটনা ঘটেছিল?

### চুক্তি সই

গত শতাব্দীর নব্বইয়ের দশকে বাংলাদেশের অন্যতম প্রাচীন প্রত্নতাত্ত্বিক স্থান মহাস্থানগড়ের খনন কাজের সঙ্গে যুক্ত হন ফরাসি কয়েকজন প্রত্নতত্ত্ববিদ। মহাস্থানগড়সহ বাংলাদেশের বিভিন্ন স্থানে প্রাপ্ত পুরাকীর্তিগুলো নিয়ে তারা ফ্রান্সে একটি প্রদর্শনী করতে শুরু থেকেই আগ্রহ প্রকাশ করে আসছিলেন বলে জানান কর্মকর্তারা। সেই ধারাবাহিকতায় ফ্রান্সের গিমে জাদুঘরে প্রদর্শনের জন্য গুরুত্বপূর্ণ কিছু পুরাকীর্তি চেয়ে সংস্কৃতি মন্ত্রণালয়ের কাছে প্রস্তাব পাঠায় ঢাকায় অবস্থিত ফারাসি দূতাবাস। মন্ত্রণালয় এ বিষয়ে সম্মতি দিলে দুইপক্ষের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। ২০০৭ সালের ৩১ জুলাই স্বাক্ষরিত ওই চুক্তিতে বাংলাদেশের সংস্কৃতি মন্ত্রণালয়ের পক্ষে তৎকালীন সচিব এবিএম আবদুল হক চৌধুরী এবং গিমে জাদুঘরের পক্ষে তখন ঢাকায় নিযুক্ত ফরাসি রাষ্ট্রদূত জ্যাক আংগ্রি কর্স্টিলেস সই করেন বলে তখনকার পত্রপত্রিকার খবরে বলা হয়েছে।

### হাইকোর্টের স্থগিতাদেশ

ওই চুক্তি অনুযায়ী ঢাকায় অবস্থিত বাংলাদেশ জাতীয় জাদুঘর, রাজশাহীর বরেন্দ্র গবেষণা জাদুঘর, বগুড়ার মহাস্থান প্রত্নতাত্ত্বিক জাদুঘর, নওগাঁর পাহাড়পুর জাদুঘর এবং কুমিল্লার ময়নামতি জাদুঘর থেকে প্রায় ১৮৭টি প্রত্ননিদর্শন প্রদর্শনীর উদ্দেশ্যে ফ্রান্সে পাঠানোর সিদ্ধান্ত নেয় তৎকালীন তত্ত্বাবধায়ক সরকার। সেগুলোর মধ্যে প্রাচীন মৌর্য, গুপ্ত, পাল ও সেন শাসনকালের বিভিন্ন আকৃতির মূর্তি, শিলালিপি, মুদ্রা, পোড়ামাটি এবং তামার ফলক ছিল বলে সেসময়ের গণমাধ্যমের খবরে উল্লেখ করা হয়েছে। গুরুত্বপূর্ণ এসব পুরার্কীতি প্রদর্শনীর জন্য বিদেশে পাঠানোর সরকারি সিদ্ধান্তের বিরোধিতা করেন তখনকার শিল্পী, শিল্প সমালোচক, সংস্কৃতিকর্মীসহ অনেকে। ফ্রান্সের সঙ্গে করা চুক্তির স্বচ্ছতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে একটি রিট আবেদনও করেন তারা। সেইসঙ্গে, প্রত্নসম্পদগুলো পাঠানোর সিদ্ধান্তের বিরুদ্ধে ঢাকা ও রাজশাহীতে একাধিক মামলাও করা হয়। রিট আবেদনের শুনানিতে জাতীয় সম্পদ বিদেশে পাঠানোর ঝুঁকি তুলে ধরা হলে প্রত্ননিদর্শনগুলো ফ্রান্সে পাঠানোর সিদ্ধান্তের ওপর দু'মাসের স্থগিতাদেশ দেন হাইকোর্ট। সেইসঙ্গে, ফ্রান্সে পুরাকীর্তি পাঠানোর সরকারি সিদ্ধান্তের ওপর কেন নিষেধাজ্ঞা জারি করা হবে না- জানতে চেয়ে রুল জারি করেন আদালত। সংস্কৃতি মন্ত্রণালয়ের তৎকালীন সচিব এবং ঢাকাস্থ ফরাসি রাষ্ট্রদূতকে অবিলম্বে এর জবাব দিতে বলা হয়। ঢাকায় যখন এসব ঘটনা ঘটছে, তখন বাংলাদেশের পুরাকীর্তিগুলো দেখানোর জন্য প্রস্তুতি নিতে শুরু করেছিল গিমে

জাদুঘর কর্তৃপক্ষ। কিন্তু সেগুলো পাঠানোর বিষয়ে হাইকোর্ট স্থগিতাদেশ দেওয়ায় প্রদর্শনীটি শেষ পর্যন্ত না হতে পারে বলে জানিয়েছিলেন ঢাকায় নিযুক্ত ফ্রান্সের তৎকালীন রাষ্ট্রদূত জ্যাক আংগ্রি কস্টিলেস।

**বিশেষ কমিটি গঠন**

আদালতের নিষেধাজ্ঞার পাশাপাশি বিভিন্ন মহল থেকে একের পর এক বাধা আসতে থাকায় এক পর্যায়ে বিরোধিতাকারীদের সঙ্গে বৈঠকে বসে সরকার। যারা ওই বৈঠকে অংশ নিয়েছিলেন, তাদের মধ্যে ছিলেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সাবেক মহাপরিচালক অধ্যাপক ড. শামসুজ্জামান খান। 'যে কারণে প্রত্নসম্পদ বিদেশ পাঠানোয় বিরোধিতা' শিরোনামে ২০০৮ সালে প্রকাশিত একটি নিবন্ধে তিনি লিখেছেন যে, বৈঠকটি তারা করতে চেয়েছিলেন তৎকালীন তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ফখরুদ্দীন আহমেদের সঙ্গে। যদিও শেষ পর্যন্ত সেটি ঘটেনি। "সরকারের কোন শক্তিশালী মহলের ক্ষমতার দাপটে প্রধান উপদেষ্টা পর্যন্ত নীরব থাকলেন, আমরা সে রহস্যের খবর জানি না। আমরা আইন-বিশেষজ্ঞ, জাদুঘরবিদ, প্রত্নতত্ত্বের নবীন-প্রবীণ বিশেষজ্ঞের সাতজনের একটি দল প্রধান উপদেষ্টার সাক্ষাৎ প্রার্থনা করি। প্রধান উপদেষ্টা নন; তার সচিব কাজী আমিন, জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, গোয়েন্দা সংস্থা এবং সংস্কৃতি মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে নিয়ে বৈঠকে বসেন„ লিখেছেন অধ্যাপক খান। ওই বৈঠকে ফ্রান্সের সঙ্গে করা চুক্তির অসমতা ও অস্বচ্ছতার দিকগুলো তুলে ধরা হয়। প্রত্ননিদর্শনগুলোর যে দেশে ফিরে না-ও আসতে পারে বা আসলেও নকলটি আসতে পারে, সেই শঙ্কাও প্রকাশ করা হয়েছিল বলে জাতীয় জাদুঘরের সাবেক এই মহাপরিচালকের নিবন্ধ থেকে জানা যাচ্ছে। "(সংস্কৃতি) সচিব বিষয়টি উপলব্ধি করে বা সাময়িকভাবে পরিস্থিতি সামাল দেওয়ার কৌশল হিসাবে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করার ঘোষণা দিয়ে সভা শেষ করেন„ লিখেছেন অধ্যাপক খান। পরে ইতিহাসবিদ অধ্যাপক আবদুল মমিন চৌধুরীর নেতৃত্বে একটি বিশেষ কমিটি গঠন করেন। কিন্তু সংস্কৃতি মন্ত্রণালয়ের কর্মকর্তারা সেই কমিটির কাজে সহযোগিতা করেননি বলে অভিযোগ রয়েছে। "প্রস্তাব অনুযায়ী চুক্তি সংশোধন, প্রত্নসামগ্রী পরীক্ষা, ভুক্তি নম্বর পরীক্ষা, আইডেনটিটি নম্বর পরীক্ষণ ইত্যাদি করতে দেয়নি সংস্কৃতি মন্ত্রণালয় এবং জাদুঘরের অসাধু ও কোনো না কোনো স্বার্থপ্রণোদিত কর্মকর্তারা। সরকারি আদেশ নির্দেশ প্রজ্ঞাপন ও ফাইল কমিটিকে দেখতে দেওয়া হয়নি„ লিখেছেন জাতীয় জাদুঘরের সাবেক মহাপরিচালক অধ্যাপক খান।

**উদ্বেগ জানিয়ে বিবৃতি**

বিদেশে পুরাকীর্তি পাঠানোর চুক্তিকে 'অসময় ও অস্বচ্ছ' আখ্যা দিয়ে সেটার বিরুদ্ধে বিবৃতি দেন বাংলাদেশের তখনকার প্রায় দুই ডজন বিশিষ্ট বুদ্ধিজীবী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব। সেখানে বলা হয়, ১৮৭টি প্রত্ননিদর্শনের নিরাপত্তা বীমা হিসেবে চুক্তিতে যে মাত্র ১০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে, সেটি একটি 'অবিশ্বাস্য আর্থিক জালিয়াতি'। প্রত্ননিদর্শনগুলো বাংলাদেশের অমূল্য সম্পদ উল্লেখ করে তারা শঙ্কা ও উদ্বেগ প্রকাশ করে বলেন, ফ্রান্সে আনা-নেওয়ার পথে সেগুলো চুরি হতে পারে বা বিমান দুর্ঘটনায় 'চিরতরে নিঃশেষ' হয়ে যাতে পারে। ফলে ওই ঝুঁকি নিয়ে পরবর্তী প্রজন্মের কাছে 'দোষী হিসেবে চিহ্নিত' না হওয়ার জন্য প্রধান উপদেষ্টার প্রতি আহ্বান জানান সুশীল সমাজের প্রতিনিধিরা। বিবৃতিতে যারা সই করেছিলেন, তাদের মধ্যে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, অধ্যাপক কবীর চৌধুরী, অধ্যাপক বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর, অধ্যাপক অজয় রায়, অধ্যাপক খান সারওয়ার মোর্শেদ, অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী, অধ্যাপক মুস্তফা নুরুল ইসলাম, অধ্যাপক সৈয়দ আকরম হোসেন, অধ্যাপক সালাহউদ্দিন আহমদ এবং অধ্যাপক নওশাবা খাতুন। আরও সই করেছিলেন কবি বেলাল চৌধুরী, চিত্রশিল্পী রফিকুন নবী, সংগীতশিল্পী কলিম শরাফী, ছায়ানটের প্রতিষ্ঠাতা সদস্য সনজিদা খাতুন, সাংবাদিক কামাল লোহানী এবং উদ্ভিদবিজ্ঞানী দ্বিজেন শর্মা।

**রাতের অন্ধকারে তোলা হয় বিমানে**

প্রদর্শনীর জন্য ফ্রান্সে পুরাকীর্তি পাঠানোর সিদ্ধান্তের ওপর হাইকোর্ট স্থগিতাদেশ দিলে সেটার বিরুদ্ধে সুপ্রিম কোর্টে আপিল করে রাষ্ট্রপক্ষ। শুনানি শেষে হাইকোর্টের আদেশ স্থগিত করেন সুপ্রিম কোর্ট। তবে অন্য মামলাগুলোর কার্যক্রম তখনও চলমান ছিল। এর মধ্যেই প্রত্ননিদর্শনের প্রথম চালান পাঠানোর যাবতীয় প্রস্তুতি নিতে শুরু করে সরকার। পরিকল্পনা করা হয়, ওই বছরের ১৩ অক্টোবর সকালে সেগুলো ফ্রান্সে পাঠানো হবে। এ জন্য প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে ঢাকার তৎকালীন জিয়া আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষকে সংস্কৃতি মন্ত্রণালয় চিঠিও পাঠিয়েছিল বলে সেসময়ের পত্রিকার খবরে উল্লেখ করা হয়েছে। কিন্তু শিল্পী, সমালোচক, সংস্কৃতিকর্মী ও শিক্ষার্থীদের প্রতিবাদের মুখে শেষ পর্যন্ত ওইদিন প্রত্ননিদর্শনগুলো পাঠানো সম্ভব হয়নি। পরে সেগুলো বিমানবন্দরে নেওয়া হয় ৩০ নভেম্বর ছুটির দিনে। এরপর রাতের অন্ধকারে তোলা হয় ফরাসি কার্গো বিমানে। প্রথম ওই চালানে মোট ৪২টি প্রাচীন প্রত্নসম্পদ ঢাকা থেকে ফ্রান্সে নেওয়া হয় বলে তখনকার পত্র-পত্রিকার খবরে উল্লেখ করা হয়েছে।

**প্রতিবাদ-বিক্ষোভ**

প্রত্ননিদর্শনগুলো বিমানবন্দরে নেওয়ার জন্য ছুটির দিন শুক্রবারকে বেছে নিয়েছিল তৎকালীন সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকার। ৩০ নভেম্বর সকাল থেকে জাতীয় জাদুঘরের ভেতরে পুরাকীর্তিগুলো বাক্সবন্দি করা হতে থাকে। এর মধ্যেই

খবর পেয়ে জাদুঘরের বাইরের রাস্তায় অবস্থান নেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, শিল্পী, সংস্কৃতিকর্মীসহ আরও নানান শ্রেণি-পেশার মানুষ। জাদুঘর থেকে বের হওয়ার মূল ফটক আটকে তারা প্রত্নসম্পদ বিদেশে পাঠানোর বিরুদ্ধে বিক্ষোভ করতে থাকেন। সেসময় তাদের হাতে যে-সব ব্যানার ও প্লাকার্ড ছিল, সেখানে 'দেশের প্রত্নসম্পদ পাচার বন্ধ করুন', 'গোপনে প্রত্নসম্পদ পাচার করা হচ্ছে' ইত্যাদি নানান বাক্য লেখা ছিল। বিকেলে পুরাকীর্তি ভরা বাক্সগুলো কাভার্ডভ্যানে তোলা হয়। এসময় সংবাদকর্মীরা ঘটনাস্থলে আসলে জাদুঘর কর্তৃপক্ষ তাদেরকে ভেতরে ঢুকতে দেয়নি বলে সেসময়ের গণমাধ্যমের খবরে উল্লেখ করা হয়েছে। অন্যদিকে, বিক্ষোভকারীরা মূল ফটকের সামনে অবস্থান নেওয়ায় প্রত্নসম্পদ পরিবহণকারী গাড়িও বের হতে পারছিল না। ফলে তাদেরকে সরানোর জন্য এগিয়ে গেলে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে বিক্ষোভকারীদের ধাক্কাধাক্কি হয়। এসময় একজনকে আটক করা হলেও পরবর্তীতে তাকে ছেড়ে দেয় পুলিশ। বিক্ষোভকারীদের সরিয়ে দিয়ে পুরাকীর্তিগুলো নেওয়া হয় ঢাকার তৎকালীন জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরে, যা বর্তমানে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর নামে পরিচিত। রাতে সেগুলো কার্গো বিমানে তুলে পরদিন ১ ডিসেম্বর সকালে ফ্রান্সে পাঠানো হয় বলে তখনকার পত্রিকার খবরে বলা হয়েছে।

**বিমানবন্দর থেকে মূর্তি চুরি**

প্রথম চালান পাঠানোর তিন সপ্তাহের মাথায় প্রত্নসম্পদের দ্বিতীয় চালান পাঠানোর পরিকল্পনা করে তৎকালীন সরকার। পরিকল্পনা অনুযায়ী, ২১ ডিসেম্বর শাহবাগে অবস্থিত জাতীয় জাদুঘর থেকে কাভার্ডভ্যানে করে পুরাকীর্তি ভর্তি ১৩টি বাক্স নেওয়া হয় ঢাকার বিমানবন্দরে। সেগুলোর মধ্যে ছিল প্রাচীন মৌর্য, গুপ্ত, পাল ও সেন আমলের ১৪৫টি প্রত্ননিদর্শন। বাক্সগুলো কার্গো বিমানে তোলার পর তালিকার সঙ্গে পুনরায় মিলিয়ে দেখতে গিয়ে কর্মকর্তারা দেখেন, একটি বাক্স কম। সেটার মধ্যে প্রায় দেড় হাজার বছরের পুরোনো দুটি বিষ্ণুমূর্তি ছিল বলে জানান তারা। পরে বিমানবন্দরের রানওয়ে থেকে কিছুটা দূরে একটি জলাশয়ের ভেতর বাক্সটি পাওয়া গেলেও সেটার মধ্যে মূর্তিগুলো ছিল না। এ ঘটনার পর সারা দেশে রীতিমতো তোলপাড় পড়ে যায়। যাত্রা বাতিল করে জাদুঘরে ফেরত পাঠানো হয় দ্বিতীয় চালানের বাকি ১৪৩টি পুরাকীর্তি। তৎকালীন সংস্কৃতি উপদেষ্টা আইয়ুব কাদরী দাবি করেন, ফ্রান্সের কার্গো বিমানে তোলার পর মূর্তি দুটি চুরি গেছে। "আমাদের কর্মকর্তারা এয়ার ফ্রান্স কর্তৃপক্ষের কাছে প্রত্ননিদর্শনগুলো হস্তান্তর করার পরেই এই ঘটনা ঘটেছে„ তখন সাংবাদিকদের বলেন উপদেষ্টা। এদিকে, বিমানবন্দরের কার্গো কমপ্লেক্স থেকে প্রত্নসম্পদ চুরি যাওয়ার ঘটনাকে 'অত্যন্ত সন্দেহজনক' মন্তব্য করে ঢাকায় অবস্থিত ফরাসি দূতাবাস। দ্রুত সময়ের মধ্যে তদন্ত শেষ করে প্রকৃত ঘটনা উদ্‌ঘাটনের আহ্বান জানান দূতাবাসের কর্মকর্তারা। চুরির ঘটনায় ঢাকার বিমানবন্দর থানায় একটি মামলা দায়ের করা হয়। সেইসঙ্গে, ঘটনাটি তদন্তে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের পক্ষ থেকে পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

**ময়লাখানা থেকে খণ্ডিত অংশ উদ্ধার**

চুরির ঘটনা জানাজানি হওয়ার পর তদন্তে নামেন র‍্যাব-পুলিশসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। বিমানবন্দরের কর্মীসহ ডজনখানেক ব্যক্তিকে আটক করে চলতে থাকে জিজ্ঞাসাবাদ। এক পর্যায়ে মূর্তি চুরির সঙ্গে জড়িত চক্রের সদস্যদের গ্রেফতার করে র‍্যাব, যাদের মধ্যে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের দু-জন গাড়িচালক এবং একজন সাবেক পরিচ্ছন্নতাকর্মী রয়েছেন বলে জানানো হয়। তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে পরে সাভারের একটি ময়লাখানায় তল্লাশি চালানো হয়। দিনভর অনুসন্ধানের পর সপ্তম শতাব্দীর ওই মূর্তিগুলোর প্রায় ২৯টি খণ্ডিত অংশ উদ্ধার করেন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। র‍্যাব জানায়, চুরির পর মনির নামে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের একজন গাড়িচালক মূর্তিগুলো চক্রের মূলহোতা আব্বাসের কাছে নিয়ে যান। সেগুলো নকল ভেবে ভেঙে ফেলার পর তিনি বাড়ির পাশের একটি ডাস্টবিনে ফেলে দেন। পরে সিটি করপোরেশনের ময়লার গাড়ি তুলে নিয়ে সেগুলো সাভারের বলিয়ারপুরের ময়লাখানায় ফেলে।

**সংস্কৃতি উপদেষ্টার পদত্যাগ দাবি**

বিমানবন্দর থেকে প্রাচীন প্রত্ননিদর্শন চুরির ঘটনায় শিক্ষক, শিক্ষার্থী, শিল্পী এবং সংস্কৃতিকর্মীরা আবারও বিক্ষোভ শুরু করেন। 'প্রত্ন কেলেঙ্কারি' উল্লেখ করে ঘটনাটিকে ফখরুদ্দীন সরকারের 'সবচেয়ে বড়ো সাংস্কৃতিক বিপর্যয়' বলে বর্ণনা করেন তারা। "আমাদের সন্দেহ সত্যি প্রমাণিত হয়েছে„ চুরির ঘটনার পর সাংবাদিকদের বলেন অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী। প্রদর্শনীর জন্য প্রথম চালানে যে-সব প্রত্ননিদর্শন ফ্রান্সে পাঠানো হয়েছে, সেগুলো দ্রুত দেশে ফিরিয়ে আনার দাবি জানিয়ে সংবাদ সম্মেলন করেন শিল্পী ও সংস্কৃতিকর্মীরা। সেইসঙ্গে, চুরির ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি এবং সংস্কৃতি উপদেষ্টা আইয়ুব কাদরীর পদত্যাগের দাবি জানান তারা। বিএনপি, আওয়ামী লীগসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারাও সরকারের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন। জনগণের বিরোধিতা উপেক্ষা করে ফ্রান্সে প্রত্নসম্পদ পাঠানোর সিদ্ধান্ত নেওয়ায় যে ক্ষতি হয়েছে, সেটির দায় ফখরুদ্দীন আহমদের সরকারকেই নিতে হবে বলে মন্তব্য করেন বিএনপির তৎকালীন মহাসচিব খন্দকার দেলোয়ার হোসেন এবং আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য সুরঞ্জিত সেনগুপ্ত।

**আইয়ুব কাদরীর পদত্যাগ**

মূর্তি চুরির ঘটনা ঘিরে বিক্ষোভ ও সমালোচনার মুখে শেষমেষ পদত্যাগের সিদ্ধান্ত নেন তৎকালীন তত্ত্বাবধায়ক সরকারের সংস্কৃতি উপদেষ্টা আইয়ুব কাদরী। ২৬শে ডিসেম্বর তিনি পদত্যাগপত্র জমা দিলে পরদিন রাষ্ট্রপতি ইয়াজউদ্দিন আহম্মেদ সেটি গ্রহণ করেন। নৈতিক কারণে স্বেচ্ছায় পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছেন বলে তখন সাংবাদিকদের বলেছিলেন মি. কাদরী। পদত্যাগের এই ঘটনাকে 'দুঃখজনক' বলে বর্ণনা করেন প্রধান উপদেষ্টা ফখরুদ্দীন আহমদসহ উপদেষ্টা পরিষদের অন্য সদস্যরা। তবে ওই ঘটনার জন্য গণমাধ্যমকে দায়ী করেছিলেন তৎকালীন আইন উপদেষ্টা মইনূল হোসেন। তিনি বলেছিলেন, গণমাধ্যম সংস্কৃতি উপদেষ্টাকে 'বিব্রতকর অবস্থায় ফেলার কারণে মানসিক চাপের মুখে' তিনি পদত্যাগের সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছেন। মি. কাদরীর পদত্যাগ করলে সংস্কৃতি মন্ত্রণালয়ের দায়িত্ব পান রাশেদা কে চৌধুরী।

**অবশেষে দেশে ফেরে ৪২ পুরাকীর্তি**

বিমানবন্দর থেকে বিষ্ণুমূর্তি চুরির ঘটনার দুই মাসের মাথায় ফ্রান্সের সঙ্গে প্রদর্শনীর চুক্তি বাতিল করে বাংলাদেশে ফিরিয়ে আনা হয় প্রথম চালানে পাঠানো ৪২টি প্রত্নানিদর্শন। ২০০৮ সালের ২৩ ফেব্রুয়ারি ভোরে প্রত্নসম্পদবাহী কার্গো বিমানটি ঢাকায় অবতরণ করে। এরপর ঢাকাস্থ ফরাসি দূতাবাসের কর্মকর্তারা পুরাকীর্তি ভরা ১০টি বাক্স হস্তান্তর করেন নতুন সংস্কৃতি উপদেষ্টা মিজ চৌধুরীর কাছে। এরপর আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কড়া নিরাপত্তায় সেগুলো স্ব স্ব জাদুঘরে ফেরত পাঠানো হয়। "সেগুলোর মধ্যে কিছু প্রত্নানিদর্শন এখনও মহাস্থান জাদুঘরে বাক্সবন্দি হয়ে পড়ে রয়েছে বলে কর্মকর্তারা সম্প্রতি একটি মিটিংয়ে আমাকে জানান। এরপরেই তদন্ত কমিটি গঠন করে দিয়েছি, যাতে তারা বাক্সগুলো খুলে প্রত্নানিদর্শনগুলো পরীক্ষা-নিরীক্ষা করে দেখে,„ বিবিসি বাংলাকে বলেন বগুড়ার সংসদ সদস্য এবং স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম। তদন্ত প্রতিবেদন হাতে পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে বলে জানান প্রতিমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ : ০৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## পদ্মায় বাসডুবি; ফেরিঘাটে নামতে রাজি ছিলেন না অনেক যাত্রী

"সবাই বাস থেকে নেমে ঘাটের পাশ দিয়ে হেঁটে আসছিলাম। সামনে তাকাই দেখি, আমাদের বাসটা গতির সাথে চোখের পলকে পানিতে পড়ে গেল।„ এভাবেই বলছিলেন রাজবাড়ীর দৌলতদিয়া ফেরিঘাটে দুর্ঘটনা কবলিত বাসের যাত্রী আব্দুল আহাদ। তিনি জানান, ফেরিঘাটে দাঁড়িয়ে থাকা অবস্থায়, শুরুতে কয়েকজন যাত্রী বাস থেকে নামতে রাজি ছিলেন না। "কয়েকজন নামতে চাচ্ছিল না, পরে তাদেরকে অনেকটা জোর করেই বাস থেকে নামানো হয়,„ বলেন মি. আহাদ। শুক্রবার সকালে ফেরিতে ওঠার সময় নিয়ন্ত্রণ হারিয়ে পদ্মা নদীতে পড়ে যায় কুষ্টিয়া থেকে ঢাকাগামী 'এসবি সুপার ডিলাক্স' নামের যাত্রীবাহী বাসটি। এই দুর্ঘটনায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি বলে জানিয়েছে নৌপুলিশ এবং রাজবাড়ি জেলা প্রশাসন। বেলা বারোটা নাগাদ বাসটিকে নদী থেকে টেনে তোলা সম্ভব হয়েছে বলেও জানিয়েছে ফায়ার সার্ভিস। নৌ পুলিশ বলছে, দুর্ঘটনার পরই ডুবে যাওয়া বাসটির চালক এবং তার সহযোগীকে উদ্ধার করে দৌলতদিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়েছে। এর আগে, চলতি বছরের মার্চে কুষ্টিয়া থেকে ঢাকাগামী সৌহার্দ্য পরিবহণ নামের একটি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে পদ্মা নদীতে পড়ে গেলে ২৬ জনের মৃত্যু হয়েছিল। ওই দুর্ঘটনার পর থেকেই ফেরিতে ওঠার সময় ঘাট এলাকায় যাত্রীদের নামিয়ে দেওয়ার বাধ্যবাধকতা দিয়েছিল প্রশাসন।

পদ্মা নদীতে ডুবে যাওয়া বাস থেকে ২৩ জনের মরদেহ উদ্ধার, অভিযান চলছে

**দুর্ঘটনা নিয়ে যা জানা যাচ্ছে**

শুক্রবার সকালে ৩৮ জন যাত্রী নিয়ে কুষ্টিয়া থেকে ঢাকার উদ্দেশ্যে ছেড়ে আসে এসবি সুপার ডিলাক্স পরিবহণের যাত্রীবাহী বাস। সকাল ১০টার কিছু আগে দৌলতদিয়া ঘাটে ফেরিতে ওঠার সময় বাসটি দুর্ঘটনার শিকার হয়। নিয়ন্ত্রণ হারিয়ে পড়ে যায় পদ্মা নদীতে। বাসের যাত্রী এবং স্থানীয় গণমাধ্যমকর্মীরা জানিয়েছেন, ফেরিতে ওঠার সময় দাঁড়িয়ে থাকা অন্য একটি ফেরিতে ধাক্কা খায় দুর্ঘটনাকবলিত বাসটি। পানিতে পড়ার পর মুহূর্তেই বাসটি তলিয়ে যায়। এসময় বাসের চালক এবং তার সহকারী পানিতে ভেসে উঠলে তাদেরকে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়। ফেরিঘাটে দাঁড়িয়ে থাকা অবস্থায় যাত্রীদেরকে নামিয়ে দেওয়া হয়েছিল বলেও নিশ্চিত করেন বাসটির একজন যাত্রী। স্থানীয় গণমাধ্যমকর্মী মিঠুন গোস্বামী বলছেন, বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর নামে একটি ফেরিতে ওঠার সময় নিয়ন্ত্রণ হারায় যাত্রীবাহী বাসটি। মূলত ফেরিতে ওঠার সময় ঘাটে দাঁড়িয়ে থাকা অন্য একটি ফেরির র‍্যামে ধাক্কা খেয়ে দুর্ঘটনাকবলিত বাসের চালক নিয়ন্ত্রণ হারান বলে জানান মি. গোস্বামী। দুর্ঘটনার কিছুক্ষণ পরই উদ্ধার অভিযান শুরু করে ফায়ার সার্ভিস এবং বিআইডব্লিউটিএ-এর ডুবুরি দল। পরে উদ্ধার অভিযানে যোগ দেয় উদ্ধারকারী জাহাজ হামজা।

নৌ পুলিশ জানিয়েছে, শুক্রবার সকাল দশটার একটু আগে এই দুর্ঘটনা ঘটে। ডুবে যাওয়া বাসের যাত্রীদেরকে ফেরিতে ওঠার আগেই নামিয়ে দেওয়া হয়েছিল বলেও জানায় পুলিশ। "উদ্ধারকারী জাহাজ হামজা আসছে, কাজ শুরু করেছে। আমার নৌ-পুলিশ উপর থেকে যাত্রীদেরকে নামিয়ে দিয়েছিল। ড্রাইভার, হেলপার, সুপারভাইজারকে হাসপাতালে পাঠানো হয়েছে,„ বিবিসি বাংলাকে জানান দৌলতদিয়া নৌ পুলিশ ফাঁড়ির ইনচার্জ ত্রিনাথ সাহা। ফেরিতে ওঠার সময়

বাসটিতে কোনো যাত্রী না থাকায় বড়ো ধরনের হতাহতের ঘটনা এড়ানো গেছে বলে জানিয়েছেন রাজবাড়ীর জেলা প্রশাসক আফরোজা পারভীন। ”বাসটিতে থাকা ৩৮ জন যাত্রীকে ফেরিঘাটেই নামিয়ে দেওয়া হয়েছিল। এই ঘটনায় উদ্ধার অভিযান চলছে, এখনও কোনো হতাহতের খবর নেই। কারো নিখোঁজ থাকার দাবিও প্রশাসনে কাছে কেউ করেনি,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। এদিকে, প্রায় দুই ঘণ্টার অভিযানে বেলা বারোটার দিকে বাসটিকে পানি থেকে টেনে তোলে উদ্ধারকারীরা। রাজবাড়ী ফায়ারসার্ভিসের কর্মকর্তা সোহেল রানা জানিয়েছেন, দুর্ঘটনাকবলিত বাসের চালক এবং তার সহকারীকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়েছে। জীবিত বা মৃত আর কাউকে বাসের ভেতরে পাওয়া যায়নি বলেও জানান তিনি। ”কম সময়ের মধ্যেই আমরা বাসটিকে উদ্ধার করতে পেরেছি। বাসের ভেতরে কিংবা অন্য কোথাও কেউ নিখোঁজ আছে এমন অভিযোগ নেই,„ বলেন মি. রানা।

**কদিন আগে ডুবেছিল আরেকটি বাস**

চলতি বছরের ২৫ মার্চ রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ফেরিঘাটে নিয়ন্ত্রণ হারিয়ে পদ্মা নদীতে পড়ে যায় সোহার্দ্য পরিবহণ নামে একটি যাত্রীবাহী বাস। ঈদুল ফিতরের পরে কুষ্টিয়ার কুমারখালী থেকে ঢাকায় যাওয়ার পথে ঘটা সেই দুর্ঘটনায় ২৬ জনের মৃত্যু হয়েছিল। দৌলতদিয়া ফেরিঘাটে দায়িত্বপ্রাপ্ত পরিবহণের ঘাট তত্ত্বাবধায়ক মো. মনির হোসেন বিবিসি বাংলাকে জানিয়েছিলেন যে, ডুবে যাওয়া বাসটিতে নারী-শিশুসহ প্রায় ৫০ জন যাত্রী ছিল। দৌলতদিয়ার তিন নম্বর ঘাটে ফেরির জন্য অপেক্ষা করার সময় ওই দুর্ঘটনা ঘটে বলেও জানিয়েছিলেন তিনি। মি. হোসেন জানান, ”সোয়া পাঁচটার দিকে 'হাসনা হেনা' নামের একটি ইউটিলিটি (ছোট) ফেরি এসে জোরে পন্টুনে আঘাত করে। এ সময় নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি পদ্মা নদীতে পড়ে যায়।„ সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়া ওই ঘটনার একাধিক ভিডিওতে দেখা গিয়েছিল যে, পানিতে পড়ার পর মুহূর্তেই তলিয়ে যায় দুর্ঘটনা কবলিত বাসটি। এসময় বেশ কয়েকজনকে সাঁতরে নদীর পাড়ে আসার চেষ্টা করতেও দেখা যায়। পরে উদ্ধারকারী জাহাজ হামজা দুর্ঘটনাস্থলে গিয়ে বাসটি উদ্ধার করে। রাজবাড়ীর জেলা প্রশাসক আফরোজা পারভীন বলছেন, গত মার্চে দৌলতদিয়া ঘাটে সৌহার্দ্য পরিবহণের বাসটি ডুবে যাওয়ার পর থেকেই ফেরিঘাটে বাড়তি নজরদারি নিশ্চিত করেছিল পুলিশ ও প্রশাসন। ”বাস থেকে যাত্রীদেরকে নামিয়ে দেওয়ার কারণেই আজকে আবারও একটি বড়ো দুর্ঘটনার হাত থেকে মানুষের প্রাণ রক্ষা পেলো,„ বিবিসি বাংলাকে বলেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ০৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### তুরস্ককে বিশেষ অর্থনৈতিক অঞ্চলের প্রস্তাব বাংলাদেশের, সাংস্কৃতিক বিনিময় চুক্তি সই

বাংলাদেশ ও তুরস্কের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ, শিক্ষা, সংস্কৃতি এবং রোহিঙ্গা সংকটসহ বিভিন্ন বিষয়ে সহযোগিতা জোরদারের লক্ষ্যে দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে দুই দেশের মধ্যে সাংস্কৃতিক বিনিময় বিষয়ক একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। আজ (শুক্রবার) রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ও ঢাকা সফররত তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদানের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে এসব বিষয় নিয়ে আলোচনা হয়। বৈঠক শেষে যৌথ সংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান বলেন, বাংলাদেশ ও তুরস্ক শান্তি, বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে একসঙ্গে কাজ করবে। এ সময় দুই দেশের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) এবং অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তির সম্ভাবনা নিয়েও আলোচনা হয়েছে। তিনি বলেন, বাংলাদেশ ও তুরস্কের দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ দ্রুত বাড়ানোর যথেষ্ট সুযোগ রয়েছে। এ লক্ষ্যে তুরস্কের বিনিয়োগকারীদের বাংলাদেশের বিভিন্ন বেসরকারি অর্থনৈতিক অঞ্চল ও বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের আহ্বান জানানো হয়েছে।

খলিলুর রহমান জানান, টেক্সটাইল ও অ্যাপারেল, প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন, জাহাজ নির্মাণ, ঔষধ শিল্প, অবকাঠামো, নবায়নযোগ্য জ্বালানি, তথ্যপ্রযুক্তি, স্মার্ট প্রযুক্তি এবং বেসামরিক বিমান পরিবহণ খাতে তুরস্কের বিনিয়োগের সুযোগ রয়েছে। পাশাপাশি ঢাকায় আন্তর্জাতিক মানের একটি হাসপাতাল ও নার্সিং ইনস্টিটিউট প্রতিষ্ঠারও প্রস্তাব দেওয়া হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, শিক্ষা ও প্রযুক্তি খাতে তুরস্কের সহযোগিতা চেয়েছে বাংলাদেশ। এছাড়া, বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য আরও বেশি বৃত্তি প্রদানের অনুরোধ জানানো হয়েছে। বর্তমানে প্রায় তিন হাজার বাংলাদেশি তুরস্কে বসবাস করছেন, যাদের বেশিরভাগই শিক্ষার্থী। রোহিঙ্গা সংকট প্রসঙ্গে তিনি বলেন, সংকটের নয় বছর পার হয়ে গেছে। রোহিঙ্গাদের নিরাপদ, স্বেচ্ছামূলক ও সম্মানজনক প্রত্যাবর্তন নিশ্চিত করতে আন্তর্জাতিক সম্প্রদায়ের আরও কার্যকর উদ্যোগ প্রয়োজন। এ বিষয়ে তুরস্কের জোরালো ভূমিকা কামনা করেছে বাংলাদেশ। এ সময় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে পর্যবেক্ষক পাঠানো এবং জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচনে বাংলাদেশকে সমর্থন দেওয়ার জন্য তুরস্ককে ধন্যবাদ জানান পররাষ্ট্রমন্ত্রী। অন্যদিকে, তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান বলেন, জাতীয় নির্বাচনের মাধ্যমে বাংলাদেশ একটি নতুন যুগে প্রবেশ করেছে। তিনি জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় বাংলাদেশ ও পররাষ্ট্রমন্ত্রীকে অভিনন্দন জানান। তিনি বলেন, দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার করতে তুরস্ক সহযোগিতা সম্প্রসারণে আগ্রহী। পাশাপাশি দক্ষিণ এশিয়ায় শান্তি, স্থিতিশীলতা ও টেকসই উন্নয়ন নিশ্চিত করতে বাংলাদেশের সঙ্গে কাজ করতে চায় আঙ্কারা। রোহিঙ্গা জনগোষ্ঠীকে

আশ্রয় দিয়ে বাংলাদেশ মানবিকতার উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে উল্লেখ করে হাকান ফিদান বলেন, রোহিঙ্গাদের নিরাপদ ও সম্মানজনক প্রত্যাবর্তনে তুরস্ক বাংলাদেশকে সহযোগিতা অব্যাহত রাখবে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৫.০৬.২০২৬ নারগীস)

## এনএইচকে

### মার্কিন মধ্যস্থতায় ইসরায়েল-লেবানন যুদ্ধবিরতি তীব্র সমালোচনার মুখে

মার্কিন সরকার জানিয়েছে, ইসরায়েল ও লেবানন যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে। তবে, ইরানের ইসলামিক বিপ্লবী গার্ড বাহিনী বা আইআরজিসি এই বলে আবারও সতর্ক করে দিয়েছে যে, এই অঞ্চল থেকে ইসরায়েলি বাহিনী প্রত্যাহার না করা পর্যন্ত শান্তি অর্জন সম্ভব নয়। ইরানের তাসনিম বার্তা সংস্থা বৃহস্পতিবার এই বিবৃতির খবর জানিয়েছে। আইআরজিসি বলেছে, ইসরায়েলকে অবশ্যই তার হামলা বন্ধ করতে হবে এবং লেবাননের অধিকৃত এলাকাগুলো থেকে সরে যেতে হবে। ইরান-সমর্থিত শিয়া মুসলিম গোষ্ঠী হিজবুল্লাহর নেতা নাইম কাসেম যুদ্ধবিরতির তীব্র সমালোচনা করেছেন। তিনি বলেছেন, যতদিন দখলদারিত্ব থাকবে, ততদিন প্রতিরোধও চলবে এবং তিনি লেবাননের কর্মকর্তাদের ইসরায়েলের সঙ্গে আলোচনা না করার আহ্বান জানিয়েছেন। এছাড়া, গোষ্ঠীটি বৃহস্পতিবার আরও একটি হামলা চালানোর দাবিও করেছে। ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাটজ হিজবুল্লাহর বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখার প্রতিশ্রুতি দেওয়ার পাশাপাশি দক্ষিণ লেবাননে সেনা মোতায়েন থাকার কথাও জানিয়েছেন। এদিকে, লেবাননের টেলিভিশন চ্যানেল বুধবার ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির একটি সাক্ষাৎকার সম্প্রচার করেছে। এতে তিনি বলেন, তেহরান এখনও ওয়াশিংটনের সাথে আলোচনা চালিয়ে যাচ্ছে। তিনি জোর দিয়ে বলেন যে, একটি শান্তি চুক্তিতে লেবাননসহ সকল রণাঙ্গনে যুদ্ধাবসানের বিষয়টি অন্তর্ভুক্ত থাকতে হবে।
(এনএইচকে ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### নবজাতকদের মৃত্যু নিয়ে তদন্ত রিপোর্টে যা বলা হলো

ঢাকার আদ-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালে সম্প্রতি ছয় মৃত্যুর সম্ভাব্য কারণ বের করতে স্বাস্থ্য অধিদপ্তর গঠিত তদন্ত কমিটি সুনির্দিষ্ট কিছু বিষয় পর্যালোচনা করেছে। বৃহস্পতিবার একটি প্রতিবেদন জমা দিয়েছে তিন সদস্যের তদন্ত কমিটি। তদন্তে পাওয়া তথ্যের ভিত্তিতে আগামী রোববারের মধ্যেই সরকার হাসপাতালটির বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা নেবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। কমিটি দেখতে পেয়েছে, ওয়ার্ডটি চারদিক থেকে আবদ্ধ এবং বাইরে থেকে আলো-বাতাস প্রবেশের সুযোগ ছিল না। আরও দুটি কক্ষ পার হয়ে ওই ওয়ার্ডে ঢুকতে হয়। ভেতরের পরিবেশ গুমোট এবং এসি যথেষ্ট পুরোনো ও কক্ষের আয়তনের তুলনায় যথেষ্ট নয়। প্রায় ৯০০ বর্গফুটের ওয়ার্ডে ৫ টনের এসি যথেষ্ট নয় বলে মনে করেছে তদন্ত কমিটি। পর্যাপ্ত আলো-বাতাস না থাকায় এবং এসি রাত ২টা থেকে ভোর ৬টা পর্যন্ত বন্ধ থাকায় নবজাতকদের স্বাভাবিক শ্বাস-প্রশ্বাস কার্যক্রম ব্যাহত হওয়ায় মৃত্যুঝুঁকি তৈরি হয় বলে মনে করছে তদন্ত কমিটি। তদন্ত কমিটি দেখেছে, মৃত নবজাতকরা অপারেশনের পর চিকিৎসকের পর্যবেক্ষণে শারীরিকভাবে সুস্থ ও স্বাভাবিক ছিল। প্রসব-পরবর্তী জটিলতায় কাউকে ইনকিউবেটরে নেওয়ার প্রয়োজন হয়নি। এছাড়া, কোনো শিশুর জন্যই শারীরিক ত্রুটিজনিত চিকিৎসকের বিশেষ নির্দেশনা বা পরামর্শ ছিল না। তদন্ত কমিটি নথিপত্র বিশ্লেষণ করে দেখেছে, ঘটনার সময় সংশ্লিষ্ট পোস্ট অপারেটিভ ওয়ার্ডে ভর্তি থাকা প্রায় ৫০ জন রোগীর জন্য দায়িত্বরত কোনো চিকিৎসক ছিলেন না। এছাড়া, শিশুরা অসুস্থ হওয়া থেকে শুরু করে ভোর ৬টায় মুমূর্ষু অবস্থায় যাওয়া পর্যন্ত কোনো চিকিৎসককে ডাকা হয়নি এবং কোনো চিকিৎসক তাদের দেখতে যাননি। তদন্ত কমিটি হাসপাতালের সংশ্লিষ্ট সবার বক্তব্য বিশ্লেষণ করেছে। এক্ষেত্রে দেখা গেছে, আদ-দ্বীন হাসপাতালের ওই ওয়ার্ডে চিকিৎসক অনুপস্থিত ছিলেন। নার্সদের দায়িত্ব পালনে গাফিলতি ও হাসপাতালের প্রশাসনিক কর্তৃপক্ষের দায়িত্বহীন আচরণের প্রমাণও পাওয়া গেছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রনি)

### পরমাণু গবেষণার প্রতিযোগিতায় জিতল বাংলাদেশ-ভারতসহ ৫ দেশ

বিমলাইন ফর স্কুলস (BL4S) শীর্ষক এই প্রতিযোগিতার আয়োজন করে ইউরোপের পরমাণু গবেষণা কেন্দ্র CERN বা সার্ন। আয়োজকরা ঘোষণা করেছেন, `বিমলাইন ফর স্কুলস,-এর ১৩তম আসরে বিজয়ী হয়েছে বাংলাদেশের পোলারিস, ভারতের অ্যাটো-পায়োন, তুরস্কের পায়ন-আইএসটি, যুক্তরাজ্যের মোবাইল এমআইপি-এস এবং যুক্তরাষ্ট্রের সেন্টাউরি স্টারস। বাংলাদেশের টিম পোলারিসের সদস্যরা- নোয়াখালীর চৌমুহনী সরকারি সালেহ আহমেদ কলেজ, ঢাকার বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজে এবং রংপুরের কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী। ভারতের টিম অ্যাটো-পায়োনের সদস্যরা বানসাল জুনিয়র কলেজ নিজামাবাদ, গ্রিনউড হাই-ইন্টারন্যাশনাল স্কুল, দ্যা শ্রী রাম গ্লোবাল স্কুল (গ্রেটার নয়ডা ওয়েস্ট) এবং পূর্ব ইন্টারন্যাশনাল স্কুলের শিক্ষার্থী। ২০২৬ সালের এই প্রতিযোগিতায় রেকর্ডসংখ্যক দল অংশ নিয়েছে। ৮৯টি দেশ থেকে সাড়ে চার হাজারের বেশি উচ্চমাধ্যমিক পর্যায়ের

শিক্ষার্থীর সমন্বয়ে গঠিত ৭১২টি দল তাদের প্রস্তাবনা জমা দিয়েছিল। ২০১৪ সালে কর্মসূচিটি শুরুর পর থেকে এবারই সবচেয়ে বেশি প্রতিযোগী অংশ নিয়েছে। আয়োজকরা জানিয়েছেন, অংশগ্রহণকারীদের মধ্যে ৩৮ শতাংশই ছিল নারী শিক্ষার্থী। এটিকে বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিত (STEM)-এর ক্ষেত্রে বিশ্বব্যাপী নারীদের ক্রমবর্ধমান সম্পৃক্ততার প্রতিফলন বলে মনে করছে সার্ন। সার্ন-এর এই উদ্যোগটি বিশ্বজুড়ে মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের এমন সব পরীক্ষা-নিরীক্ষার পরিকল্পনা বা নকশা করতে আহ্বান জানায়, যা কণা ত্বরক বা `পার্টিকেল এক্সিলারেটর,-এর রশ্মি ব্যবহার করে পরিচালনা করা সম্ভব। এ বছর প্রস্তাবনাগুলোর বৈজ্ঞানিক গুণমান ও অভিনবত্বের ওপর ভিত্তি করে এই পাঁচটি দলকে বিজয়ী হিসেবে নির্বাচন করা হয়েছে। ভারত ও তুরস্কের দলগুলো আগস্ট মাসে সার্ন-এ যাবে, আর যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের দলগুলো জার্মানির হামবুর্গে অবস্থিত `ডেসি, (DESY)-তে তাদের পরীক্ষা চালাবে। বাংলাদেশের দলটি বন বিশ্ববিদ্যালয়ে অবস্থিত `এলসা, (ELSA) এক্সিলারেটর কেন্দ্রে কাজ করবে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রনি)

## বাংলাদেশ নিয়ে মন্তব্যের জের, মমতার বিরুদ্ধে থানায় অভিযোগ

সাবেক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নামে শিলিগুড়ির সাইবার ক্রাইম থানায় অভিযোগ করলেন আইনজীবী রিঙ্কু চট্টোপাধ্যায় সিং। শুক্রবার লালবাজারেও অখিল ভারতীয় হিন্দু মহাসভা সাবেক মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছে। দুইটি ক্ষেত্রেই অভিযোগ হলো, কলকাতায় বিক্ষোভ দেখানোর সময় মমতা বন্দ্যোপাধ্যায় যে মন্তব্য করেছেন, তাতে দেশের অভ্যন্তরীণ নিরাপত্তায় আঘাত লাগতে পারে। বাংলাদেশের সঙ্গে সম্পর্কের অবনতি হতে পারে। তাই তিনি রাষ্ট্রদ্রোহিতা করেছেন। পরে রিঙ্কু চট্টোপাধ্যায় জানিয়েছেন, তিনি কলকাতা হাইকোর্টে মামলা করবেন। তৃণমূল নেত্রীর মন্তব্যের ফলে বাংলাদেশের সংখ্যালঘুদের উপর অত্যাচার হবে না, তার গ্যারান্টি নেই। কলকাতায় বিক্ষোভে মমতা বলেছিলেন, "আমার আমলে বাংলাদেশ থেকে একটা বড়ো খুনিকে এসটিএফ অ্যারেস্ট করেছিল, যা নিয়ে বাংলাদেশে অনেক রেভলিউশান হয়েছিল। অন্য দেশের কথা বলছি না। তারা মেঘালয় থেকে পশ্চিমবঙ্গে আসে। তখন আমাদের এসটিএফ তাদের ধরে। হোম মিনিস্টার নিজে আমাকে ফোন করে বলেছিলেন, কোনো কথা না বলতে, দেশের জন্য বিলিনি।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রনি)

## হামের উপসর্গে বাংলাদেশে আরো ৫ শিশুর মৃত্যু

হামের উপসর্গ নিয়ে শুক্রবার স্থানীয় সময় সকাল ৮টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় আরও ৫ শিশু মারা গেছে বলে জানিয়েছে বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তর। একই সময়ে হামে আক্রান্ত হয়েছে ২৪৩ শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের হামসংক্রান্ত নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে বলে উল্লেখ করেছে বাংলাদেশে ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার প্রথম আলো। প্রতিবেদন অনুযায়ী, ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ নিয়ে মারা যাওয়া শিশুর সংখ্যা ৫১৪। নিশ্চিত হামে মৃত্যু হয়েছে ৯১ শিশুর। শেষ ২৪ ঘণ্টায় বাংলাদেশে এক হাজার ১৬৮ জনের শরীরে হামের উপসর্গ দেখা দেওয়ার তথ্য জানিয়েছে অধিদপ্তর। ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ দেখা দেওয়া মোট রোগীর সংখ্যা ৭৬ হাজার ৮৭৬। ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৬২ হাজার ২৮৭ জন। এর মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়ে গেছেন ৫৮ হাজার ১৫৪ জন। শেষ ২৪ ঘণ্টায় হামের উপসর্গে মারা যাওয়া শিশুদের মধ্যে ঢাকা বিভাগে চারজন এবং অন্যজন সিলেট বিভাগের। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রনি)

## ইসরায়েল লেবাননের অস্ত্রবিরতি মানতে নারাজ হিজবুল্লাহ

ইসরায়েল-লেবাননের যুদ্ধবিরতি চুক্তি মানবে না বলে জানিয়েছে হিজবুল্লাহ। আমেরিকার মধ্যস্থতায় দুই দেশের মধ্যে এই চুক্তি হয়েছিল। হিজবুল্লাহর নেতা নাইম কাসিম বলেন, "দুই দেশের মধ্যে চুক্তিটি বোধগম্য হওয়া দরকার।„ চুক্তিতে বলা হয়েছে, প্রাথমিকভাবে দক্ষিণ লেবাননের একটি অঞ্চলকে 'সুরক্ষিত অঞ্চল' হিসেবে চিহ্নিত করা হবে এবং সেখানে আক্রমণ হবে না। এই প্রসঙ্গে কাসিম বলেন, "দক্ষিণ লেবাননের সঙ্গে বাকি দেশকে বিচ্ছিন্ন করা যাবে না এবং ইসরায়েলি শত্রুকে খুন করার স্বাধীনতা দেওয়া চলবে না।„ লেবাননের সরকার সরাসরি এই যুদ্ধের সঙ্গে যুক্ত নয়। একইসঙ্গে, হিজবুল্লাহর উপর সরকারের প্রভাব সীমিত। এই অবস্থায় হিজবুল্লাহ চায়, লেবাননের সরকার সরাসরি ইসরায়েলের সঙ্গে যেন আলোচনা না করে। অন্যদিকে, চুক্তিতে বলা হয়েছে, লিটানি নদীর দক্ষিণ থেকে হিজবুল্লাহর সমস্ত কাজ বন্ধ করা এবং তাদের ওই অঞ্চল থেকে সরে যাওয়ার উপর এই অস্ত্রবিরতি চুক্তি নির্ভর করবে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রনি)

## ট্রাম্পকে অগ্রাহ্য করে ইউক্রেন বিল পাস করলো রিপাবলিকানদের একাংশ

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অগ্রাহ্য করে কিয়েভকে সাহায্য করতে ইউক্রেন সাপোর্ট অ্যাক্ট পাস করলো আমেরিকার হাউস অফ রিপ্রেসেন্টেটিভস। বৃহস্পতিবার হাউজ অফ রিপ্রেসেন্টেটিভসে এই বিলটি পাস হয়। হাউজে এই বিলটি পাস হওয়ায় ফের একবার প্রমাণিত হলো, রিপাবলিকানদের একাংশ ট্রাম্পের নীতিকে চ্যালেঞ্জ জানাতে প্রস্তুত। আইনসভায় এই বিলের পক্ষে ভোট দিয়েছেন ২২৬ জন সদস্য। বিপক্ষে ভোট দিয়েছেন ১৯৫ জন।

রিপাবলিকানদের একাংশ ডেমোক্র্যাটদের সঙ্গে এই বিলের পক্ষে ভোট দিয়েছেন। আর কিছুদিনের মধ্যেই আমেরিকাতে মিডটার্ম বা মধ্যবর্তী নির্বাচন। ট্রাম্পের ইরান যুদ্ধের সিদ্ধান্তকে কীভাবে দেখছেন আমেরিকার মানুষ, তা স্পষ্ট হবে সেই নির্বাচনে। তার আগে রিপাবলিকানদের মধ্যে এই বিভাজনকে তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন বিশ্লেষকরা। অন্যদিকে, এই বিলটি আইন হিসেবে স্বীকৃত হতে গেলে পাস হতে হবে সেনেটেও। সেখানেও রিপাবলিকানরা সংখ্যাগরিষ্ঠ, তবে ডেমোক্র্যাটদের সঙ্গে তাদের ফারাক সামান্য। যদিও সেনেটে পাস হলেও ট্রাম্পের এই বিলের উপর ভেটো দেওয়ার অধিকার আছে। তবে বিলটি পাস হলে কিয়েভকে সাহায্য করবে ওয়াশিংটন। রাশিয়ার উপর চালু হবে অর্থনৈতিক নিষেধাজ্ঞা। নতুন এই আইনে যুদ্ধবিধ্বস্ত ইউক্রেনকে পুনর্গঠন করতে এক বিলিয়ন মার্কিন ডলার দেওয়ার কথা বলা আছে। এছাড়াও আট বিলিয়ন মার্কিন ডলার সরাসরি ধার দেওয়ার কথা বলা আছে এই বিলে। রাশিয়ার তেল রপ্তানিসহ অন্যান্য অর্থনৈতিক বিষয়ে নিষেধাজ্ঞা জারি করা হবে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রনি)

## জাগো নিউজ

### জলবায়ু সংকট মানবজাতির জন্য অন্যতম বড়ো চ্যালেঞ্জ : প্রধানমন্ত্রী

বর্তমানে জলবায়ু সংকট সমগ্র মানবজাতির জন্য অন্যতম বড়ো বৈশ্বিক চ্যালেঞ্জ বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, তাপপ্রবাহ, অনিয়মিত বৃষ্টিপাত, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, আকস্মিক বন্যা, খরা এবং জীববৈচিত্র্যের অবক্ষয় বিশ্বজুড়ে পরিবেশ, অর্থনীতি ও মানুষের জীবনে গভীর প্রভাব ফেলছে। বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উপলক্ষ্যে বৃহস্পতিবার (৪ জুন) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করে প্রধানমন্ত্রী বলেন, সমন্বিত উদ্যোগ, পরিবেশ সচেতনতা এবং দায়িত্বশীল আচরণের মাধ্যমে একটি সবুজ, নিরাপদ, বাসযোগ্য ও জলবায়ু-সহনশীল বাংলাদেশ গড়ে তোলা সম্ভব। তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান অভিঘাত আজ বিশ্ববাসীর জন্য এক কঠিন বাস্তবতা। এই প্রেক্ষাপটে বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উদ্‌যাপন বিশেষ তাৎপর্য বহন করছে। জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (ইউএনইপি) ঘোষিত এবছরের প্রতিপাদ্য `ক্লাইমেট অ্যাকশন, বৈশ্বিক জলবায়ু উদ্যোগকে আরও বেগবান করার আহ্বান জানিয়েছে। সরকারপ্রধান বলেন, বাংলাদেশ বৈশ্বিক গ্রিনহাউজ গ্যাস নিঃসরণে খুবই সামান্য অবদান রাখলেও ভৌগোলিক অবস্থান, উচ্চ জনঘনত্ব এবং জলবায়ু-সংবেদনশীল অর্থনীতির কারণে বিশ্বের অন্যতম ঝুঁকিপূর্ণ দেশ। ক্লাইমেট রিস্ক ইনডেক্স ২০২৬ অনুযায়ী বাংলাদেশ উচ্চ জলবায়ু ঝুঁকির সম্মুখীন। লবণাক্ততা বৃদ্ধি, কৃষি উৎপাদন হ্রাস, জলবায়ুজনিত বাস্তুচ্যুতি এবং প্রাকৃতিক দুর্যোগের ক্রমবর্ধমান তীব্রতা দেশের উন্নয়ন অগ্রযাত্রার জন্য বড়ো চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

তিনি জানান, জলবায়ু ঝুঁকি মোকাবিলায় বাংলাদেশ এরই মধ্যে জাতীয় অভিযোজন পরিকল্পনা (এনএপি) ও জাতীয়ভাবে নির্ধারিত অবদান (এনডিসি) বাস্তবায়নের মাধ্যমে একটি সমন্বিত ও দূরদর্শী নীতি কাঠামো অনুসরণ করছে। পাশাপাশি উপকূলীয় সুরক্ষা, সামাজিক বনায়ন, দুর্যোগ প্রস্তুতি, জলবায়ুজনিত বাস্তুচ্যুত জনগোষ্ঠীর পুনর্বাসন এবং প্রকৃতি-ভিত্তিক সমাধানকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। সরকারের বিভিন্ন উদ্যোগের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, পরিবেশ সংরক্ষণ, জলবায়ু সহনশীলতা বৃদ্ধি এবং টেকসই উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হচ্ছে। এ লক্ষ্যে আগামী পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। একইসঙ্গে সারা দেশে ২০ হাজার কিলোমিটার খাল খনন ও পুনঃখননের কাজ শুরু হয়েছে। তিনি আরও বলেন, জলবায়ু ঝুঁকি মোকাবিলায় কৃষিকে টেকসই, আধুনিক ও জলবায়ু-সহিষ্ণু ভিত্তিতে পুনর্গঠনের জন্য সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ জরুরি। এক্ষেত্রে গবেষণা, উদ্ভাবন, প্রশিক্ষণ ও সম্প্রসারণ কার্যক্রমকে অগ্রাধিকার দেওয়া হবে। পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার সম্প্রসারণ, সবুজ শিল্পায়ন, পরিবেশবান্ধব নগরায়ণ, উন্নত বর্জ্য ব্যবস্থাপনা, গণপরিবহণ উন্নয়ন এবং পরিবেশবান্ধব প্রযুক্তির ব্যবহার জোরদার করার কথাও উল্লেখ করেন তিনি। একইসঙ্গে কার্বন ক্রেডিট ও বৈশ্বিক কার্বন মার্কেটের সম্ভাবনা কাজে লাগাতেও কার্যকর উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী তারেক রহমান বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উপলক্ষ্যে গৃহীত সব কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

### পদোন্নতি না পেয়ে চাকরি ছাড়ার আবেদন সিআইডি প্রধানের

অতিরিক্ত আইজিপি পদে পদোন্নতি না পেয়ে পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) ভারপ্রাপ্ত প্রধান ডিআইজি আলি আকবর খান পিআরএলের (অবসর-পূর্ব ছুটি) আবেদন করেছেন। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে জোরালো আলোচনা চলছে। তবে এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে কোনো বক্তব্য দেয়নি পুলিশ সদর দপ্তর। বৃহস্পতিবার (৪ জুন) পুলিশের পাঁচজন ডিআইজিকে অতিরিক্ত আইজিপি (গ্রেড-২) হিসেবে পদোন্নতি দেওয়া হয়। পদোন্নতিপ্রাপ্তদের তালিকায় আলি আকবর খানের নাম না থাকায় তার ভবিষ্যৎ দায়িত্ব নিয়ে আলোচনা শুরু হয়। এ

অবস্থায় তিনি পিআরএলের আবেদন করেছেন বলে বিভিন্ন সূত্রে দাবি করা হচ্ছে। গত ১ জুন আলি আকবরকে সিআইডির ভারপ্রাপ্ত প্রধান করে আদেশ জারি করে পুলিশ সদর দপ্তর। একাধিক সূত্রের দাবি, ডিআইজি আলি আকবর খানকে পদোন্নতি দিয়ে অতিরিক্ত আইজিপি হিসেবে সিআইডির প্রধান করার প্রস্তাব প্রশাসনিক পর্যায় থেকে পাঠানো হয়েছিল। তবে শেষ পর্যন্ত তার পদোন্নতি হয়নি। একইসঙ্গে আলি আকবর খানের পিআরএল আবেদন গ্রহণ করা হয়েছে কি না এবং তিনি আদৌ দায়িত্ব ছাড়ছেন কি না, সে বিষয়েও এখন পর্যন্ত কোনো সরকারি ঘোষণা আসেনি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## ৪ দফা দাবিতে ইস্টার্ন রিফাইনারির শ্রমিক-কর্মচারীদের বিক্ষোভ

চার দফা দাবি আদায়ের লক্ষ্যে টানা আন্দোলন চালিয়ে যাচ্ছেন চট্টগ্রামে দেশের একমাত্র জ্বালানি তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারির শ্রমিক-কর্মচারীরা। আন্দোলনের অষ্টম দিনে তারা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন। বৃহস্পতিবার (৪ জুন) পতেঙ্গায় ইস্টার্ন রিফাইনারির প্রধান ফটকের সামনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে প্রতিষ্ঠানটির বিপুলসংখ্যক শ্রমিক-কর্মচারী অংশ নেন। বাংলাদেশ শ্রম আইন-২০০৬ অনুযায়ী দ্বিবার্ষিক চুক্তিনামা সম্পাদন, পারসোনাল পে বাস্তবায়ন, আবাসন সুবিধা নিশ্চিতকরণ এবং পদোন্নতি নীতিমালা সংস্কারের দাবিতে এ আন্দোলন চলছে বলে জানান নেতারা। সমাবেশে সিবিএ নেতারা বলেন, পূর্বের নিয়ম অনুসারে ২০২৩-২৪ সালের দ্বিবার্ষিক চুক্তিনামা দ্রুত সম্পাদন করতে হবে। একইসঙ্গে ২০০৩ সালের চুক্তি অনুযায়ী পারসোনাল পে কার্যকর, শ্রমিক-কর্মচারীদের জন্য পর্যাপ্ত আবাসন সুবিধা নিশ্চিত এবং পদোন্নতি নীতিমালার সংস্কার জরুরি। বিক্ষোভ সমাবেশে বক্তব্য দেন ইস্টার্ন রিফাইনারি এমপ্লয়িজ ইউনিয়নের সভাপতি দেওয়ান মোহাম্মদ বিল্লাল হোসেন, সাধারণ সম্পাদক মো. আব্দুর রহমানসহ অন্য নেতারা। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## মিরপুরের পূরবী মার্কেটে আগুন, নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ২ ইউনিট

রাজধানীর মিরপুরের পূরবী সুপার মার্কেটে অগ্নিকাণ্ড ঘটেছে। ফায়ার সার্ভিসের দুটি ইউনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে রয়েছে। শুক্রবার (৫ জুন) সকালে ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুম কর্মকর্তা রাফি আল ফারুক এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, ”পূরবী মার্কেটের নিচতলায় আগুন লাগে। কীসের দোকানে আগুন লেগেছে, তা আমরা এখনো নিশ্চিতভাবে জানতে পারিনি। আগুন নির্বাপণের পর বিস্তারিত জানানো যাবে।„ রাফি আল ফারুক জানান, তারা আগুনের সংবাদ পান সকাল ৯টা ১৮ মিনিটে। ৯টা ২৮ মিনিটে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। বর্তমানে আগুন নিয়ন্ত্রণে আছে। তাৎক্ষণিকভাবে আগুনের সূত্রপাত ও ক্ষয়ক্ষতির বিষয়ে জানাতে পারেননি ফায়ার সার্ভিসের এই কর্মকর্তা।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## মোহাম্মদপুরের জেনেভা ক্যাম্পে বিশেষ অভিযান, মাদকসহ আটক ১৩

রাজধানীর মোহাম্মদপুরের জেনেভা ক্যাম্পে মাদকবিরোধী বিশেষ অভিযান চালিয়েছে পুলিশ। এসময় গাঁজা, হেরোইন ও দেশীয় অস্ত্রসহ অন্তত ১৩ জনকে আটক করা হয়। শুক্রবার (৫ জুন) ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের মোহাম্মদপুর জোনের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) জুয়েল রানা এ তথ্য নিশ্চিত করেন। মোহাম্মদপুর থানার পুলিশ বৃহস্পতিবার (৪ জুন) রাত ৯টার পর বাবর রোডে পুলিশের স্পেশাল সিকিউরিটি অ্যান্ড প্রটেকশন ব্যাটালিয়নের (এসপিবিএন) গেটের সামনে থেকে অভিযানটি শুরু করে। পরে তা জেনেভা ক্যাম্পের বিভিন্ন সেক্টরে পরিচালনা করা হয়। অভিযানকালে ডিএমপির তেজগাঁও বিভাগের উপ-পুলিশ কমিশনার ইবনে মিজান বলেন, ”বৃহস্পতিবার অনেকে মাদক কেনার জন্য বাড়ি থেকে এখানে আসবেন বলে আমাদের কাছে তথ্য ছিল। বৃহস্পতিবারকে টার্গেট করে তারা ভেতর থেকে মাদক বিক্রির জন্য পাঁয়তারা করেন। তাদের ধরতে এডিসিসহ থানা-পুলিশ ও এসপিবিএন সদস্যদের সঙ্গে নিয়ে অভিযান পরিচালনা করা হয়। অভিযানে কয়েক কেজি গাঁজা, ইয়াবা, হেরোইন ও দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে।„ তিনি আরও বলেন, ”প্রাথমিকভাবে একটি ট্রাংক উদ্ধার করা হয়। সেই ট্রাংক থেকে মাদক এবং মাদক বিক্রির টাকা উদ্ধার করেছি আমরা। অভিযান পরিচালনা করে অন্তত ১৩ জনকে আটক করা হয়েছে। ভবিষ্যতেও এই ধরনের অভিযান অব্যাহত থাকবে।„
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## ডিএমপির ৭ কর্মকর্তাকে বদলি

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) পাঁচজন অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) এবং দু-জন সহকারী পুলিশ কমিশনারকে (এসি) বদলি করে নতুন দায়িত্ব দেওয়া হয়েছে। গতকাল বৃহস্পতিবার ডিএমপি কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়। আদেশ অনুযায়ী, এডিসি এস এম রাজু আহমেদকে ক্রাইম বিভাগে, এডিসি রীমা সুলতানাকে অর্থ বিভাগে, ধানমন্ডি জোনের এডিসি জিসানুল হককে উত্তরা বিভাগের এয়ারপোর্ট জোনে এবং এয়ারপোর্ট জোনের এডিসি আরিফুল ইসলামকে ধানমন্ডি জোনে বদলি করা হয়েছে। এছাড়া এডিসি মো. রাজীবকে সোয়াটের দায়িত্ব দেওয়া হয়েছে। একই আদেশে সহকারী পুলিশ কমিশনার মোস্তাফিজুর

রহমানকে সিটি সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগে এবং ডেভেলপমেন্ট বিভাগের সহকারী পুলিশ কমিশনার মুহাম্মদ জাহিদ হাসানকে সদরদপ্তর ও প্রশাসন বিভাগে সহকারী পুলিশ কমিশনার (প্রশাসন) হিসেবে বদলি করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## ঝিনাইদহের পুলিশ সুপারকে প্রত্যাহার

ঝিনাইদহের পুলিশ সুপার (এসপি) মো. মাহফুজ আফজালকে প্রত্যাহার করা হয়েছে। বৃহস্পতিবার (৪ জুন) পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির স্বাক্ষরিত এক আদেশে এ প্রত্যাহার করা হয়। আদেশে বলা হয়, মাহফুজ আফজাল জেলা পুলিশের জ্যেষ্ঠ কর্মকর্তার কাছে দায়িত্বভার অর্পণ করে ৫ জুনের মধ্যে পুলিশ সদর দপ্তরে রিপোর্ট করবেন। আদেশে তাকে প্রত্যাহারের কারণ উল্লেখ করা হয়নি। এর আগে ফেনী, পঞ্চগড় ও মৌলভীবাজার জেলার এসপি হিসেবে দায়িত্ব পাওয়া তিন কর্মকর্তাকে প্রত্যাহার করে পুলিশ সদর দপ্তর। তারা হলেন- ফেনীর পুলিশ সুপার মোহাম্মদ মাহবুব আলম খান, পঞ্চগড়ের পুলিশ সুপার মো. মিজানুর রহমান ও মৌলভীবাজারের পুলিশ সুপার মো. রিয়াজুল ইসলাম।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## জিয়া স্মৃতি জাদুঘর দ্রুত খুলে দেওয়া হবে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

চট্টগ্রাম নগরের সার্কিট হাউজ-সংলগ্ন জিয়া স্মৃতি জাদুঘর সংস্কার করে দ্রুত সময়ের মধ্যে দর্শনার্থীদের জন্য পুনরায় উন্মুক্ত করা হবে বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান। শুক্রবার (৫ জুন) জাদুঘরটি পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, পূর্ববর্তী সরকারের প্রতিহিংসার রাজনীতি ও দীর্ঘদিনের অবহেলায় ঐতিহাসিক এ স্থাপনাটি ক্ষতিগ্রস্ত হয়েছে। সংস্কারের মাধ্যমে জাদুঘরটি আগের মর্যাদায় ফিরিয়ে আনার পাশাপাশি আধুনিকায়ন করা হবে। সেখানে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের স্মৃতি ও ব্যবহৃত বিভিন্ন নিদর্শন সংরক্ষণের ব্যবস্থা করা হবে। তিনি জানান, সংস্কারকাজের সুবিধার্থে জাদুঘরের কয়েকটি কক্ষ বর্তমানে খালি রাখা হয়েছে। কাজ শেষ হলে দর্শনার্থীদের জন্য জাদুঘরটি পুনরায় খুলে দেওয়া হবে। সাংবাদিকদের প্রশ্নের জবাবে আহমেদ আযম খান বলেন, মেজর জিয়া থেকে রাষ্ট্রপতি জিয়া বাংলাদেশের ইতিহাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ পর্যায়ে জিয়াউর রহমান ভূমিকা রেখেছেন। তার স্মৃতি সংরক্ষণের উদ্দেশ্যেই এ জাদুঘর প্রতিষ্ঠা করা হয়েছিল। সংস্কারের পর তার ব্যবহৃত সামগ্রী ও স্মৃতিচিহ্ন যথাযথ সংরক্ষণ করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## ব্রাহ্মণবাড়িয়ায় সড়ক দুর্ঘটনায় মা-ছেলেসহ নিহত ৪

ব্রাহ্মণবাড়িয়ায় পৃথক সড়ক দুর্ঘটনায় মা ছেলেসহ চারজন নিহত হয়েছেন। শুক্রবার (৫ জুন) সকালে কুমিল্লা-সিলেট মহাসড়কের বিয়াল্লিশহর এলাকা ও ঢাকা-সিলেট মহাসড়কের বাড়িউড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। বিয়াল্লিশ্বর এলাকায় নিহতরা হলেন- অটোরিকশা চালক মাহবুব (৪৫), যাত্রী জোসনা বেগম (৪০) ও তার শিশুপুত্র আশরাফুল (৫)। এ ঘটনায় আহত হয়েছেন জোসনার স্বামী কাউসার (৫০) ও তার মেয়ে আদিবা (৪)। তাদেরকে ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালে থেকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেলে পাঠানো হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## নওগাঁয় ১৭ জনকে `পুশ-ইনের, চেষ্টা, সতর্ক অবস্থানে বিজিবি

নওগাঁর সাপাহার সীমান্ত এলাকা দিয়ে নারী-পুরুষ এবং শিশুসহ ১৭ জনকে `পুশ-ইনের, চেষ্টা চালিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএএফ)। তবে বিজিবির তাৎক্ষণিক তৎপরতায় বাংলাদেশে প্রবেশ করতে ব্যর্থ হয় তারা। শুক্রবার (৫ জুন) সকাল সাড়ে ৭টার দিকে সাপাহার উপজেলার হাঁপানিয়া সীমান্ত এলাকায় এ ঘটনা ঘটে। নওগাঁ ব্যাটালিয়ন (১৬ বিজিবি) সূত্রে জানা যায়, হাঁপানিয়া সীমান্তের ২৩৮/এমপি সীমান্ত পিলার দিয়ে ৮৮ বিএসএফ পান্নাছাড়া ক্যাম্পের সদস্যরা ১৭ জন ব্যক্তিকে বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশের চেষ্টা করে। সংবাদ পাওয়ার পর হাঁপানিয়া বিওপির টহল দল ঘটনাস্থলে পৌঁছে তাদেরকে ভারতীয় শূন্য লাইনের অভ্যন্তরে শনাক্ত করা হয়। ১৭ জনের মধ্যে ৬ জন পুরুষ, ৬ জন নারী এবং পাঁচজন শিশু রয়েছে। বর্তমানে তারা শূন্য রেখায় অবস্থান করছে। নওগাঁ ব্যাটালিয়ান ১৬ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ আরিফুল ইসলাম মাসুম জানান, সংবাদ পাওয়ার পরে ওই এলাকায় টহল বৃদ্ধি করা হয়েছে। অবৈধভাবে বাংলাদেশে কাউকে অনুপ্রবেশ করতে দেওয়া হবে না। তাদেরকে ভারতীয় ভূখণ্ডে পাঠানোর (পুশ-ব্যাক) কার্যক্রম চলমান রয়েছে।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## আজ থেকে শাহজালাল বিমানবন্দরের চারপাশ `নীরব এলাকা,: ডিএনসিসি প্রশাসক

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এলাকাকে নীরব এলাকা ঘোষণা করা হয়েছে বলে জানিয়েছেন ডিএনসিসি প্রশাসক মো. শফিকুল ইসলাম খান। শুক্রবার (৫ জুন) গুলশান-২ গোল চত্বরে এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এ তথ্য জানান তিনি। বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে যৌথভাবে শব্দ সচেতনতামূলক সমাবেশ ও শোভাযাত্রা আয়োজন করে ঢাকা উত্তর সিটি করপোরেশন, পরিবেশ অধিদপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ ও বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ। সমাবেশে ডিএনসিসি প্রশাসক বলেন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এলাকাকে নীরব

এলাকা ঘোষণা করা হয়েছে। আজ থেকে এই এলাকা নীরব এলাকা থাকবে। এখানে কোনো শব্দ দূষণ থাকবে না। কেউ যদি আইন অমান্য করে, তাহলে শব্দ দূষণ নিয়ন্ত্রণে আইন-শৃঙ্খলা বাহিনী সরকারি নীতিমালা অনুযায়ী কঠোরভাবে বাস্তবায়ন করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## ৮ লাখ ৫২ হাজার ১৫৭ কোটি টাকার ছায়া বাজেট দিল এনসিপি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ২০২৬-২৭ অর্থবছরের জন্য `বাংলাদেশ ২.০ : সংস্কার, কর্মসংস্থান ও বিনিয়োগের মাধ্যমে টেকসই প্রবৃদ্ধি, শীর্ষক একটি ছায়া বাজেট উপস্থাপন করেছে। দলটির দাবি, জনকল্যাণ বৃদ্ধি, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, কর্মসংস্থান সৃষ্টি ও বিনিয়োগ সম্প্রসারণের মাধ্যমে একটি টেকসই অর্থনৈতিক কাঠামো গড়ে তোলাই এ বাজেটের মূল লক্ষ্য। শুক্রবার (৫ জুন) বিকেলে রাজধানীর বাংলামোটরে দলটির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলন এই ছায়া বাজেট ঘোষণা করেন দলের দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক ও সংসদ সদস্য হাসনাত আব্দুল্লাহ। এসময় এনসিপির যুগ্ম আহ্বায়ক ও কুড়িগ্রাম-২ আসনের সংসদ সদস্য ড. আতিক মুজাহিদসহ কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে এনসিপি নেতারা জানান, তাদের প্রস্তাবিত বাজেটের আকার ৮ লাখ ৫২ হাজার ১৫৭ কোটি টাকা, যা চলতি অর্থবছরের তুলনায় ৬২ হাজার ১৫৭ কোটি টাকা বেশি। তবে বাজেট ঘাটতি জিডিপির ৩ দশমিক শূন্য ৯ শতাংশের মধ্যে সীমাবদ্ধ রাখার পরিকল্পনা করা হয়েছে। একইসঙ্গে মূল্যস্ফীতি ৯ দশমিক ২ শতাংশ থেকে কমিয়ে ৮ শতাংশে এবং পরবর্তী অর্থবছরে ৬ শতাংশে নামিয়ে আনার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। ছায়া বাজেটে রাজস্ব-জিডিপি অনুপাত বর্তমান ৬ দশমিক ৭ শতাংশ থেকে বাড়িয়ে প্রথম বছরেই ৯ দশমিক ৩২ শতাংশে উন্নীত করার প্রস্তাব দেওয়া হয়েছে। এজন্য বিদ্যুৎ সংযোগের সঙ্গে আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা, টিআইএন-এনআইডি-ব্যাংক ও মোবাইল ফাইন্যানশিয়াল সার্ভিস সংযুক্তীকরণ, সম্পদ কর চালু, বন্দর ডিজিটালাইজেশন এবং অপ্রয়োজনীয় কর অব্যাহতি বাতিলের মতো পদক্ষেপের কথা বলা হয়েছে। দলটির হিসাব অনুযায়ী, এসব উদ্যোগ থেকে অতিরিক্ত ৭৬ হাজার কোটি টাকা রাজস্ব আদায় সম্ভব হবে। কর কাঠামোতে বড়ো ধরনের পরিবর্তনের প্রস্তাবও দিয়েছে এনসিপি। সাধারণ করমুক্ত আয়সীমা ৩ লাখ ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ৪ লাখ ৫০ হাজার টাকা, নারী ও প্রবীণদের জন্য ৪ লাখ ৭৫ হাজার টাকা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ৫ লাখ টাকা করার কথা বলা হয়েছে। একইসঙ্গে জাকাতকে আয়কর রিবেট হিসেবে স্বীকৃতি, উত্তরাধিকার কর চালু এবং করপোরেট কর ২৭ দশমিক ৫ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশে নামিয়ে আনার প্রস্তাব রাখা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৫.০৬.২০২৬ রুবাইয়া)

## বিএনপি কোনো বিপ্লবী দল নয়, জনগণের অধিকার প্রতিষ্ঠায় উদারপন্থি দল

সামাজিক যোগাযোগমাধ্যমের অপব্যবহার ও বিভ্রান্তিকর প্রচারণার কারণে দেশের রাজনৈতিক পরিবেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এসময় নিজ দলের বিষয়ে তিনি বলেন, বিএনপি কোনো বিপ্লবী দল নয়। এটি জনগণের অধিকার, কল্যাণ এবং গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠায় নিবেদিত একটি উদারপন্থি রাজনৈতিক দল। শুক্রবার (৫ জুন) জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। মির্জা ফখরুল বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমের অপব্যবহার এবং পরিকল্পিতভাবে কুরুচিপূর্ণ ভাষা ব্যবহারের কারণে আজ সুস্থ রাজনৈতিক চর্চার পরিবেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তিনি অভিযোগ করেন, দীর্ঘ আন্দোলন-সংগ্রাম ও অভ্যুত্থানের মধ্যদিয়ে অর্জিত গণতান্ত্রিক সুযোগকে নস্যাৎ করতে এবং দেশে নৈরাজ্য সৃষ্টি করতে একটি সুপরিকল্পিত চক্রান্ত চলছে। গণতন্ত্র রক্ষা এবং দেশের এই সংকটময় সময়ে ষড়যন্ত্রকারীদের চিহ্নিত করতে সবাইকে সজাগ থাকার আহ্বান জানান তিনি। বিএনপিকে একটি উদার গণতান্ত্রিক রাজনৈতিক দল হিসেবে উল্লেখ করে দলটির মহাসচিব বলেন, বিএনপি কোনো বিপ্লবী দল নয়। এটি জনগণের অধিকার, কল্যাণ এবং গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠায় নিবেদিত একটি উদারপন্থি রাজনৈতিক দল।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## `পুশ-ইন, প্রতিরোধে সীমান্তে টহল জোরদার করেছে কোস্ট গার্ড

`পুশ-ইন, প্রতিরোধে তৎপরতা বাড়িয়েছে বাংলাদেশ কোস্ট গার্ড। বাহিনীটি সীমান্তবর্তী এলাকায় টহল ও নজরদারি জোরদার করেছে। শুক্রবার (৫ জুন) বিকেলে কোস্ট গার্ড সদর দপ্তরের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য জানান। তিনি বলেন, বাংলাদেশ কোস্ট গার্ড আওতাধীন সীমান্তবর্তী এলাকার সুরক্ষা এবং জাতীয় নিরাপত্তা নিশ্চিতকল্পে সার্বক্ষণিক টহল কার্যক্রম ও নজরদারি জোরদার করেছে। কোস্ট গার্ডের দায়িত্বপূর্ণ বাংলাদেশ-ভারত সীমান্তবর্তী এলাকায় এখন পর্যন্ত কোনো `পুশ-ইনের, ঘটনা পরিলক্ষিত হয়নি। সীমান্তবর্তী এলাকায় কোস্ট গার্ড ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সমন্বয়ে পুশইন প্রতিরোধসহ যে-কোনো ধরনের অবৈধ অনুপ্রবেশ রোধে সার্বক্ষণিক নজরদারি অব্যাহত রয়েছে। সুন্দরবনসহ সীমান্তসংলগ্ন অঞ্চলে গোয়েন্দা নজরদারি, ড্রোন সারভেইল্যান্স এবং আধুনিক প্রযুক্তিনির্ভর পর্যবেক্ষণ ব্যবস্থা আরও জোরদার করেছে কোস্ট গার্ড।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী

কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান। শুক্রবার (৫ জুন) বিকেলে তিনি উখিয়ার বালুখালী এলাকার বিভিন্ন রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন। ৮ আর্মড পুলিশ ব্যাটালিয়নের পুলিশ সুপার রিয়াজ উদ্দিন আহমদ জানান, বিকেলে কক্সবাজার থেকে উখিয়ার ৯ নম্বর বালুখালী রোহিঙ্গা ক্যাম্পে পৌঁছান তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান। সেখানে তিনি তুরস্কের সহায়তায় প্রতিষ্ঠিত ফিল্ড হাসপাতালের কার্যক্রম পরিদর্শন এবং চিকিৎসাসেবা নিতে আসা রোগীদের সঙ্গে কথা বলেন। পরে তিনি ১৬ ও ১৭ নম্বর রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন। এ সময় ক্যাম্পে অবস্থিত তুরস্ক-নির্মিত ফিল্ড হাসপাতালের বিভিন্ন কার্যক্রম ঘুরে দেখেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছ থেকে হাসপাতালের সেবা ও পরিচালনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেন। তিনি আরও জানান, তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদানের উখিয়া রোহিঙ্গা ক্যাম্প সফরকে কেন্দ্র করে সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছিল। সফর উপলক্ষ্যে অতিরিক্ত পুলিশ মোতায়েন, টহল কার্যক্রম বৃদ্ধি এবং গোয়েন্দা নজরদারি জোরদার করা হয়েছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## জয়পুরহাটে গ্রামবাসীকে নিয়ে `পুশ-ইনের, চেষ্টা রুখে দিল বিজিবি

জয়পুরহাট সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের দুটি পৃথক `পুশ-ইনের, চেষ্টা সফলভাবে রুখে দিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। শুক্রবার (৫ জুন) দুপুরে এ তথ্য নিশ্চিত করেন জয়পুরহাট ব্যাটালিয়ন (২০ বিজিবি) অধিনায়ক লে. কর্নেল মোহাম্মদ লতিফুল বারী। সীমান্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে বর্তমানে সতর্কতাবস্থা জারির পাশাপাশি অতিরিক্ত জনবল ও টহল জোরদার করা হয়েছে বলেও জানান তিনি। বিজিবি জানায়, বুধবার রাতে বিএসএফ `পুশ-ইনের, একটি অনানুষ্ঠানিক প্রস্তাব দিলে বিজিবি তা নাকচ করে দেয়। একই রাতে সীমান্তে `পুশ-ইনের, একটি প্রত্যক্ষ চেষ্টা চালানো হয়। তবে বিজিবির কঠোর নজরদারির মুখে সেই চেষ্টাও ব্যর্থ হয়। সর্বশেষ বৃহস্পতিবার (৪ জুন) রাতেও সীমান্তের জিরো লাইনে সন্দেহভাজন গতিবিধি নজরে আসে বিজিবির। তাৎক্ষণিকভাবে স্থানীয় গ্রামবাসীকে সঙ্গে নিয়ে বিজিবির টহল দল সারারাত সীমান্ত পাহারা দেয়। ফলে অনুপ্রবেশের সব ধরনের চেষ্টা নস্যাৎ হয়ে যায়। ২০ বিজিবি অধিনায়ক লে. কর্নেল মোহাম্মদ লতিফুল বারী বলেন, সাধারণত বিএসএফ প্রথমে কাঁটাতারের বেড়া দেওয়ার রুটিন কার্যক্রম শুরু করে এবং পরবর্তীতে `পুশ-ইনের, চেষ্টা চালায়। তবে কাঁটাতারের বেড়া নির্মাণ কিংবা `পুশ-ইন, কোনোটিই মেনে নেওয়া হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## অবৈধ বাংলাদেশিদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে ভারত : জয়সওয়াল

ভারতে অবৈধভাবে অবস্থানরত বাংলাদেশিসহ সব বিদেশি নাগরিকের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। একইসঙ্গে বাংলাদেশের সঙ্গে যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে, ভারত তা আরও শক্তিশালী করে এগিয়ে নিতে চায়। শুক্রবার (৫ জুন) দিল্লিতে এক ব্রিফিংয়ে এসব কথা জানান ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। তিনি বলেন, অবৈধভাবে কেউ ভারতে থাকতে পারবে না। বাংলাদেশের ক্ষেত্রেও আমাদের অবস্থান অভিন্ন। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য আমাদের আইন রয়েছে ও সেই আইন অনুযায়ীই ব্যবস্থা নেওয়া হবে। রণধীর আরও জানান, সন্দেহভাজন অবৈধ বাংলাদেশি অভিবাসীদের নাগরিকত্ব যাচাই প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে বাংলাদেশের প্রতি আহ্বান জানিয়েছে ভারত। এ প্রক্রিয়া দ্রুত শেষ হলে সংশ্লিষ্ট ব্যক্তিদের ফেরত পাঠানোর কার্যক্রম আরও `মসৃণ ও কার্যকরভাবে, সম্পন্ন করা সম্ভব হবে। তিনি বলেন, অবৈধভাবে ভারতে অবস্থানরত ব্যক্তিদের ফেরত পাঠানোর বিষয়ে ভারত ও বাংলাদেশের মধ্যে ইতোমধ্যে একটি দ্বিপক্ষীয় ব্যবস্থা বা মেকানিজম বিদ্যমান রয়েছে। জয়সওয়ালের ভাষ্য, যাদের ফেরত পাঠানোর বিষয় রয়েছে, তাদের নাগরিকত্ব যাচাইয়ের জন্য আমরা এসব মামলা বাংলাদেশের কাছে পাঠাই। বাংলাদেশ যখন তাদের নাগরিকত্ব নিশ্চিত করে, তখন আমরা পরবর্তী ধাপে বহিষ্কার বা প্রত্যাবাসন প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাই। তিনি জানান, এ ধরনের একাধিক অনুরোধ এরই মধ্যে বাংলাদেশের কাছে পাঠানো হয়েছে। তবে এর অনেকগুলোর যাচাই প্রক্রিয়া এখনো বাকি রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## দিল্লিতে অগ্নিকাণ্ডে নিহত যুবকের বাড়ি কুমিল্লায়

ভারতের রাজধানী নয়াদিল্লির মালবীয়েতে আবাসিক হোটেলে অগ্নিকাণ্ডে কুমিল্লার চৌদ্দগ্রামের নূরুল আমিন সোহাগ (৪০) নামে এক যুবক নিহত হয়েছেন। শুক্রবার (৫ জুন) সোহাগের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন তার স্বজন হুমায়ুন কবির পাটোয়ারী। নিহত নূরুল আমিন সোহাগ উপজেলার চিওড়া ইউনিয়নের সাঙ্গীশ্বর গ্রামের আব্দুস সোবহানের ছেলে। তিনি ছোটো বোন ও ভগিনীপতিকে নিয়ে চিকিৎসার জন্য নয়াদিল্লি যায়। বুধবার (৩ জুন) সকালে হাউজ রানি এলাকার পাঁচতলা বেড অ্যান্ড ব্রেকফাস্ট হোটেলে এ দুর্ঘটনা ঘটে। স্বজনরা জানায়, হোটেলটিতে সিলিন্ডার গ্যাস বিস্ফোরণ থেকে আগুনের সূত্রপাত হলে তিনি দগ্ধ হয়ে মারা যান। এ ঘটনায় সোহাগের ছোটো বোন ও ভগিনীপতিও অগ্নিদগ্ধ হয়েছেন। তারা বর্তমানে ম্যাক্স হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। চৌদ্দগ্রাম উপজেলা নির্বাহী কর্মকর্তা

(ইউএনও) শাহাদত হোসেন বলেন, নিহতের স্বজনদের সঙ্গে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে যোগাযোগ করা হয়েছে। মরদেহ দেশে আনতে প্রশাসনের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা করা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## কুমিল্লায় বাড়ছে এইডস রোগী, বেশিরভাগই পুরুষ সমকামী ও যৌনকর্মী

কুমিল্লায় এইচআইভি-এইডস সংক্রমণের হার বেড়েই চলেছে। গত পাঁচ মাসে এই রোগে আক্রান্ত হয়ে জেলায় মোট সাতজনের মৃত্যু হয়েছে। একই সময়ে আক্রান্ত হয়েছেন আরও ৩৭ জন। কুমিল্লা মেডিকেল কলেজ (কুমেক) হাসপাতালে বর্তমানে ১৫ জেলার মোট ৫৪৬ জন চিকিৎসা নিচ্ছেন। এদের মধ্যে শুধু কুমিল্লা জেলার বাসিন্দা ৩৮৫ জন। আক্রান্তদের মধ্যে বেশিরভাগই পুরুষ সমকামী ও যৌনকর্মী। কুমেকের এইচআইভি এইডস এইচটিসি/এআরটি সেন্টারের কাউন্সিলর কাম অ্যাডমিন মো. আরিফ হাসান এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, মে মাসের ২৫ তারিখে ২১ বছর বয়সি একজন, ১৩ মে ৪৯ বছর বয়সি একজন এবং ৮ মে ৩৫ বছর বয়সি একজন এইচআইভি আক্রান্ত হয়ে মারা যান। এরা তিনজনই পুরুষ এবং কুমিল্লার বাসিন্দা। ২০২১ সালে ২১ বছর বয়সি যুবক এইচআইভি আক্রান্তের বিষয়টি নিশ্চিত হলেও অপর দু-জনের শেষ মুহূর্তে এইচআইভি সংক্রমণ পজিটিভ ধরা পড়ে। চলতি বছরেই কুমিল্লায় এইচআইভি আক্রান্ত মোট সাতজনের মৃত্যুর হয়েছে। এদের মধ্যে জানুয়ারি মাসে দু-জন, মার্চে একজন, এপ্রিলে একজন এবং মে মাসে তিনজনের মৃত্যু হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## টাঙ্গাইলে ১৪৪ ধারা উপেক্ষা করে ফের বাড়িঘরে অগ্নিসংযোগ, ভাঙচুর

টাঙ্গাইলে দুই গ্রামের আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষে নিহত ও বাড়িঘরে অগ্নিসংযোগের ঘটনায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। তবে ১৪৪ ধারা উপেক্ষা করে শুক্রবার (৫ জুন) ফের বাড়ি ঘরে অগ্নিসংযোগ ও ব্যবসা-প্রতিষ্ঠানে ভাঙচুর চালানো হয়েছে। ঘটনার পর থেকে পুরো এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছে। অপরদিকে বিশৃঙ্খলা রোধে মোতায়েন করা হয়েছে অতিরিক্ত পুলিশ। বৃহস্পতিবার (৪ জুন) রাত ১১টা থেকে গোপালপুর উপজেলার হেমনগর ইউনিয়নে এবং ভূঞাপুর উপজেলার জগৎপুরা এলাকায় এ আদেশ কার্যকর করা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ ১৪৪ ধারা বহাল থাকবে বলে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে। তবে ১৪৪ ধারা উপেক্ষা করে শুক্রবার দফায় দফায় সংঘর্ষে জড়ায় দুই গ্রামবাসী। এসময় অন্তত ৪ থেকে ৫টি বাড়িতে আগুন দেওয়া হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## নিষিদ্ধ ছাত্রলীগের মিছিলে হাজারো নেতা-কর্মী, সরে গেল পুলিশ

নোয়াখালী সদরে বড়ো ধরনের মিছিল দিয়েছেন নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা-কর্মীরা। তাদের উপস্থিতি দেখে সরে যাওয়ার অভিযোগ উঠেছে সুধারাম থানা পুলিশের বিরুদ্ধে। শুক্রবার (৫ জুন) জুমার নামাজের পর নোয়ান্নই ইউনিয়নের বাঁধের হাট বাজারে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, কার্যক্রম নিষিদ্ধ সংগঠন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার সমর্থনে এবং বর্তমান সরকারের `সন্ত্রাস-চাঁদাবাজির, বিরুদ্ধে ওই মিছিল বের করে ছাত্রলীগ। এতে হাজারের বেশি নেতা-কর্মী অংশ নেন। স্থানীয়রা জানান, জুমার নামাজের পর সদর উপজেলা ছাত্রলীগ-যুবলীগের হাজারের বেশি কর্মী-সমর্থক মিছিলটি বের করলে পুলিশ তাতে বাধা দেওয়ার চেষ্টা করে। তবে পুলিশের বাধা উপেক্ষা করেই নেতা-কর্মীরা মিছিল নিয়ে অগ্রসর হন। এসময় পুলিশ সদস্যরা গা-ঢাকা দেন। বিক্ষোভ মিছিলে সভাপতিত্ব করেন নোয়ান্নই ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান প্রার্থী আশরাফুল করিম চৌধুরী বাবু। মিছিল শেষে সমাবেশে আশরাফুল করিম চৌধুরী বাবু বলেন, ”আমরা এখানে যারা রাজপথে নেমেছি, তারা প্রত্যেকেই অন্যায় ও সব ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ডের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে এসেছি। আমাদের এই প্রতিবাদী আন্দোলন ইনশাল্লাহ অব্যাহত থাকবে। যতদিন পর্যন্ত শেখ হাসিনা ফিরে না আসবেন, ততদিন আমরা শান্ত হবো না। আমরা রাজপথ ছাড়বো না।„(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## রাতেও ঢাকায় বজ্রসহ বৃষ্টির আভাস

রাজধানী ঢাকা ও পার্শ্ববর্তী এলাকায় আজ রাত ১টার মধ্যে অস্থায়ীভাবে বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। শুক্রবার (৫ জুন) সন্ধ্যা ৭টা থেকে পরবর্তী ছয় ঘণ্টার জন্য দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। এর আগে, দুপুর ১টা থেকে সন্ধ্যা ৭টার মধ্যে বজ্রসহ বৃষ্টির আভাস দিয়েছিল আবহাওয়া অধিদপ্তর। পূর্বাভাস অনুযায়ী, রাত ১টা পর্যন্ত সময়ে ঢাকার আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলা থাকতে পারে এবং তাপমাত্রা সামান্য কমতে পারে। এছাড়া দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ১০ থেকে ১৫ কিলোমিটার বেগে বাতাস প্রবাহিত হতে পারে বলে পূর্বাভাসে উল্লেখ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## `গভীর আকর্ষণ, থেকে নিখোঁজ তিন কিশোরী, চারদিন পর উদ্ধার

রাজধানীর পল্লবী ও তেজগাঁও থানা এলাকা থেকে নিখোঁজ তিন কিশোরীকে চারদিন পর উদ্ধার করেছে পুলিশ। রাজধানীর মোহাম্মদপুরের ঢাকা উদ্যান এলাকা থেকে পল্লবী থানা পুলিশ তাদের উদ্ধার করে। পুলিশ বলছে, একে

অন্যের প্রতি গভীর আকর্ষণ থেকে তারা নিখোঁজ হয়েছিলেন। শুক্রবার (৫ জুন) ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মিডিয়া ও পাবলিক রিলেশনস বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। এর আগে, গত সোমবার রাজধানীর পল্লবী থানা এলাকা থেকে ১৭ বছর বয়সি এক কিশোরী নিখোঁজ হন। একই দিন তেজগাঁও শিল্পাঞ্চল থানা এলাকা থেকে ১৭ বছর বয়সি আরেক কিশোরী ও তার ছোটো বোন (১৩) নিখোঁজ হন। পল্লবী থানার বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, গত মঙ্গলবার এক ব্যক্তি থানায় এসে জানান যে, তার মেয়ে সোমবার বিকেল ৪টার দিকে তার বান্ধবী ও বান্ধবীর ছোটো বোনকে নিয়ে বাসা থেকে বের হয়ে আর ফিরে আসেনি। এ বিষয়ে পল্লবী থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) হয়। একইদিন তেজগাঁও শিল্পাঞ্চল থানায় অন্য কিশোরীর পরিবারের পক্ষ থেকেও দুটি নিখোঁজ সাধারণ ডায়েরি করা হয়। পল্লবী থানার বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, গত মঙ্গলবার এক ব্যক্তি থানায় এসে জানান যে, তার মেয়ে সোমবার বিকেল ৪টার দিকে তার বান্ধবী ও বান্ধবীর ছোটো বোনকে নিয়ে বাসা থেকে বের হয়ে আর ফিরে আসেনি। এ বিষয়ে পল্লবী থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) হয়। একইদিন তেজগাঁও শিল্পাঞ্চল থানায় অন্য কিশোরীর পরিবারের পক্ষ থেকেও দুটি নিখোঁজ সাধারণ ডায়েরি করা হয়। এ ঘটনায় পল্লবী থানা পুলিশের একটি টিম অভিযান চালিয়ে আজ বৃহস্পতিবার দিনগত রাত ৩টার দিকে মোহাম্মদপুর থানাধীন ঢাকা উদ্যান এলাকার একটি বাসা থেকে তিনজনকেই উদ্ধার করে।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## দেশে কয়েক বছরে ৭-৮টি সুপার স্পেশালাইজড হাসপাতাল করা হবে

প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী ড. এস এম জিয়াউদ্দিন হায়দার বলেছেন, আমাদের দেশে সরকারি ও বেসরকারি হাসপাতাল মোটামুটি আছে। কিন্তু স্পেশালাইজড হাসপাতাল নেই। আমরা সিদ্ধান্ত নিয়েছি, বাংলাদেশে স্পেশালাইজড হেলথ কেয়ার দৃঢ় অবস্থানে নিয়ে যাবো। আগামী কয়েক বছরে অন্ততপক্ষে ৭-৮টি সুপার স্পেশালাইজড হাসপাতাল তৈরি করবো। শুক্রবার (৫ জুন) সন্ধ্যায় নারায়ণগঞ্জ শহরের কেন্দ্রীয় ঈদগাহে সামাজিক সংগঠন টিম খোরশেদের উদ্যোগে ফ্রি অ্যাম্বুলেন্স সেবার উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি এসব কথা বলেন। স্বাধীনতার ঘোষক শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনা করে নারায়ণগঞ্জবাসীর কল্যাণে এই সেবা কার্যক্রমের উদ্‌বোধন করা হয়। এস এম জিয়াউদ্দিন হায়দার বলেন, ”পিজি হাসপাতালের (বর্তমানে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়) পাশে একটি হাসপাতালের কাজ এরই মধ্যে শুরু হয়ে গেছে। আমরা চীন সরকারের সঙ্গে কথা বলেছি, যার মাধ্যমে নীলফামারীতে হাজার বেডের একটি স্পেশালাইজড হাসপাতাল তৈরি হবে। তারই ধারাবাহিকতায় নারায়ণগঞ্জেও হাজার বেডের সুপার স্পেশালাইজড হাসপাতাল হবে।„

(জাগো নিউজ ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ রিহাব)

## সান মারিনোর বিপক্ষে ঐতিহাসিক ম্যাচটি জয়ে রাঙালো বাংলাদেশ

ফিফা ফ্রেন্ডলি ম্যাচ কখনও কখনও টুর্নামেন্টের ম্যাচের চেয়েও স্মরণীয় হয়ে ওঠে। এই যেমন শুক্রবার রাতে হওয়া সান মারিনোর বিপক্ষে ম্যাচটি। বিশ্বের সবচেয়ে নিচের দেশটির বিপক্ষে বাংলাদেশের এই ম্যাচটি নানা কারণে ছিল ঐতিহাসিক। নতুন কোচ, ইউরোপের মাটিতে ইউরোপের কোনো দেশের বিপক্ষে প্রথম ম্যাচ। আগে ইউরোপের দুটি দেশের বিপক্ষে ভারতের মাটিতে খেলে হেরেছিল বাংলাদেশ। এবার ঐতিহাসিক ম্যাচটি জয়ে রাঙালেন থমাস ডুলির শিষ্যরা। সান মারিনোর বিপক্ষে ২-১ গোলে জিতে ইতিহাস গড়লো বাংলাদেশ। স্মরণীয় এই জয়ের দুটি গোলই করেছেন অভিজ্ঞ ডিফেন্ডার তপু বর্মন। দুই অর্ধে দুই গোল করে নতুন কোচকে জয়ে বরণ করলেন তপু বর্মনরা। ১৯ মিনিটে ডান দিক থেকে মোরসালিনের ক্রসে তপু বর্মন হেড করে লিড এনে দেন বাংলাদেশকে। বিরতির আগে স্বাগতিক সান মারিনো সমতায় ফেরে। ৩১ মিনিটে ডান দিক দিয়ে বল নিয়ে ঢুকলে সান মারিনোর ফিলিপো বেরার্দিকে বাঁধা দেওয়ার চেষ্টা করেন তপু বর্মন। তিনি তপুকে ডস দিয়ে একটু সামনে বাড়িয়ে আড়াআড়ি পাস দেন নিকোলাসকে। কোন ভুল করেননি সান মারিনোর ফরোয়ার্ড। ৫৩ মিনিটে ডান দিক থেকে সাদউদ্দিনের ক্রসে চলন্ত বলে শট নিয়েছিলেন ফাহিম। দ্বিতীয় পোস্টে লেগে ফাহিমের শক বাধাগ্রস্ত হলে দ্বিতীয়বার লিড নেওয়া হয়নি বাংলাদেশের। ৬৮ মিনিটে বদলি বিশ্বনাথ ঘোষ সহজ সুযোগ নষ্ট করেছেন বাইরে মেরে। ৮৬ মিনিটে দ্বিতীয়বার বাংলাদেশকে এগিয়ে দেন তপু বর্মন। হামজা চৌধুরীর নেওয়া ফ্রিকিক সান মারিনোর বক্সের মাথায় পড়লে শট নেন বিশ্বনাথ ঘোষ। সেই বলে হেড নিয়ে গতি বদলে দিয়ে পাঠিয়ে দেন জালে।

(জাগো নিউজ ওয়েব পেজ : ০৬.০৬.২০২৬ নারগীস)

# রেডিও টুডে

## ১৪ জুন কক্সবাজার যাচ্ছেন প্রধানমন্ত্রী

আগামী ১৪ জুন প্রধানমন্ত্রী তারেক রহমান দুইদিনের সফরে কক্সবাজার যাচ্ছেন। তিনি কক্সবাজারের পেকুয়া ও চকরিয়া উপজেলায় একাধিক উন্নয়ন কর্মসূচিতে অংশ নেবেন। এ তথ্য জানিয়েছেন কক্সবাজার-২ আসন থেকে

নির্বাচিত এমপি ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের প্রেস সেক্রেটারি সাফওয়ানুল করিম। তিনি জানান, সফরকালে প্রধানমন্ত্রী স্থানীয় বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর উন্মোচন, বৃক্ষরোপণ কর্মসূচির উদ্‌বোধন এবং একটি জনসভায় ভাষণ দেবেন। সম্ভাব্য সফরসূচি অনুযায়ী, **১৪** জুন রোববার সকাল **১১**টায় প্রধানমন্ত্রী চকরিয়ার ডুলাহাজারা সাফারি পার্কে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্‌বোধন করবেন। এ সময় তিনি পার্কের বিভিন্ন এলাকা পরিদর্শন করবেন। এরপর তিনি পেকুয়ার উদ্দেশ্যে রওয়ানা হয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শহিদ ওয়াসিমের কবর জিয়ারত করবেন। পরে পেকুয়া পৌরসভার ভিত্তিপ্রস্তরের ফলক উন্মোচন করবেন। এ কর্মসূচি শেষে তিনি স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের গ্রামের বাড়ি সাঈদ ম্যানশনে মধ্যাহ্নভোজে অংশ নেবেন। পরে প্রধানমন্ত্রী চকরিয়ায় গিয়ে নবগঠিত মাতামুহূরী উপজেলার ভিত্তিপ্রস্তরের ফলক উন্মোচন করবেন। বিকেল ৪টায় চকরিয়া পৌর বাস টার্মিনাল মাঠে আয়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্য দেবেন। জনসভা শেষে তিনি কক্সবাজারে ফিরে রাতযাপন করবেন। পরদিন, **১৫** জুন সকালে স্থানীয় সুধীজনের সঙ্গে মতবিনিময় সভায় অংশ নেওয়ার পর ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার কথা রয়েছে প্রধানমন্ত্রীর। (রেডিও টুডে ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ আসাদ)

## তুরস্ককে বিশেষ অর্থনৈতিক অঞ্চল দিতে আগ্রহী বাংলাদেশ

বাংলাদেশ তুরস্ককে দেশে একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার প্রস্তাব দিয়েছে। একইসঙ্গে দুই দেশের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি এবং অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি স্বাক্ষরের সম্ভাবনা নিয়ে আলোচনা হয়েছে। শুক্রবার রাজধানীর একটি হোটেলে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং ঢাকা সফররত তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদানের মধ্যে বৈঠক শেষে যৌথ সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ড. খলিলুর রহমান। তিনি বলেন, দুই দেশের দ্বিপক্ষীয় বাণিজ্য উল্লেখযোগ্যভাবে বাড়ানোর সুযোগ রয়েছে। বাংলাদেশে বিদেশি বিনিয়োগকারীদের জন্য বিদ্যমান প্রণোদনা সম্পর্কে তুরস্ককে অবহিত করা হয়েছে এবং তুর্কি বিনিয়োগকারীদের বিভিন্ন বেসরকারি ও বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের আহ্বান জানানো হয়েছে। পাশাপাশি বাংলাদেশে তুরস্কের জন্য একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার ব্যাপারেও সমর্থন জানানো হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী জানান, উভয় দেশ শান্তি, স্থিতিশীলতা, অর্থনৈতিক অগ্রগতি ও পারস্পরিক সমৃদ্ধি অর্জনে একসঙ্গে কাজ করার বিষয়ে একমত হয়েছে। তিনি বলেন, এ সফর বাংলাদেশ-তুরস্ক সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। বিনিয়োগ ও শিল্প সহযোগিতার ক্ষেত্রে টেক্সটাইল, পোশাকশিল্প, প্রতিরক্ষা সামগ্রী উৎপাদন, জাহাজ নির্মাণ, ঔষধ শিল্প, অবকাঠামো, নবায়নযোগ্য জ্বালানি, তথ্যপ্রযুক্তি, স্মার্ট প্রযুক্তি এবং বেসামরিক বিমান পরিবহন খাতকে সম্ভাবনাময় ক্ষেত্র হিসেবে উল্লেখ করেন তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ আসাদ)

## ঢাকার দক্ষিণ সিটিতে ৬০-৮০ শতাংশ বাসায় ডেঙ্গুর লার্ভা : প্রশাসক

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের জরিপে নগরীর ৬০ থেকে ৮০ শতাংশ বাসাবাড়িতে ডেঙ্গুর লার্ভা পাওয়া গেছে বলে জানিয়েছেন সংস্থাটির প্রশাসক আব্দুস সালাম। শুক্রবার সকালে ওয়ারীর সিলভারডেল প্রিপারেটরি অ্যান্ড গার্লস হাইস্কুলের পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ তথ্য জানান। তিনি বলেন, নগরীতে ডেঙ্গুর ঝুঁকি এখনো উদ্‌বেগজনক পর্যায়ে রয়েছে, তাই বাসাবাড়িতে জমে থাকা পানি নিয়মিত পরিষ্কার করা এবং চারপাশ পরিচ্ছন্ন রাখার বিকল্প নেই। ডেঙ্গু নিয়ন্ত্রণে নাগরিকদের আরও সচেতন ও দায়িত্বশীল হওয়ার আহ্বানও জানান তিনি। অনুষ্ঠানে তিনি আরও বলেন, শুধু সরকারি উদ্যোগ নয়, ডেঙ্গু প্রতিরোধে নাগরিক অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাড়ির আঙিনা, ছাদ, ফুলের টব কিংবা যে-কোনো পাত্রে জমে থাকা পানি নিয়মিত ফেলে দিলে এডিস মশার বংশবিস্তার রোধ করা সম্ভব। এ সময় নগরীর বিভিন্ন স্কুল ও কলেজে খেলার মাঠসহ অন্যান্য সুযোগ-সুবিধা বাড়ানোর বিষয়েও প্রতিশ্রুতি দেন তিনি। পাশাপাশি হকারদের পুনর্বাসনের মাধ্যমে নির্ধারিত স্থানে বসার ব্যবস্থা করা হবে বলেও জানান আব্দুস সালাম। (রেডিও টুডে ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ আসাদ)

## মার্কিন ভিসা নিয়ে বাংলাদেশিদের জন্য বিশেষ বার্তা

নির্দিষ্ট কিছু ক্যাটাগরির মার্কিন অনভিবাসী ভিসা আবেদনকারীদের জন্য সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারের ক্ষেত্রে নতুন নির্দেশনা দিয়েছে ঢাকাস্থ মার্কিন দূতাবাস। এসব আবেদনকারীকে এখন থেকে তাদের সব সামাজিক যোগাযোগ মাধ্যম প্রোফাইলের প্রাইভেসি সেটিংস `পাবলিক, বা সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখতে হবে। শুক্রবার মার্কিন দূতাবাসের অফিসিয়াল ফেসবুক পেজে প্রকাশিত এক বার্তায় এ তথ্য জানানো হয়। দূতাবাস জানায়, গত ৩০ মার্চ থেকে নতুন এই নিয়ম কার্যকর হয়েছে। যুক্তরাষ্ট্রে প্রবেশের যোগ্যতা যাচাই এবং আবেদনকারীদের পরিচয় নিশ্চিত করার প্রক্রিয়াকে আরও কার্যকর ও গতিশীল করার লক্ষ্যেই এ পদক্ষেপ নেওয়া হয়েছে। তবে এই নির্দেশনা সব অনভিবাসী ভিসা আবেদনকারীর জন্য প্রযোজ্য নয়। নির্দিষ্ট কয়েকটি ভিসা শ্রেণির আবেদনকারী ও তাদের ওপর নির্ভরশীলদের জন্য এটি বাধ্যতামূলক করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী, এ-৩ ও সি-৩ (আবেদনকারী গৃহকর্মী হলে), জি-৫, এইচ-৩ এবং এইচ-৩ ভিসাধারীদের ওপর নির্ভরশীল এইচ-৪ ভিসা আবেদনকারীদের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হবে। এ ছাড়া কে-১, কে-২, কে-৩, কিউ, আর-১ এবং আর-১ ভিসাধারীদের ওপর নির্ভরশীল আর-২ ভিসা

আবেদনকারীসহ এস, টি ও ইউ ভিসার জন্য আবেদনকারী সকল অনভিবাসী ভিসা প্রার্থীকেও তাদের সামাজিক যোগাযোগ মাধ্যমের সব প্রোফাইলের প্রাইভেসি সেটিংস উন্মুক্ত রাখতে বলা হয়েছে। মার্কিন দূতাবাসের ভাষ্য, আবেদনকারীদের সামাজিক যোগাযোগমাধ্যমের তথ্য যাচাইয়ের মাধ্যমে পরিচয় ও যোগ্যতা মূল্যায়ন প্রক্রিয়া আরও সহজ করা হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য ও নির্দেশনা জানতে আগ্রহীদের মার্কিন দূতাবাসের প্রকাশিত অফিসিয়াল তথ্যসূত্র পর্যালোচনার পরামর্শ দেওয়া হয়েছে। দূতাবাস আরও বলেছে, ভিসা আবেদন প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখা এবং সম্ভাব্য জটিলতা এড়াতে সংশ্লিষ্ট ক্যাটাগরির আবেদনকারীদের নতুন এই নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা উচিত। (রেডিও টুডে ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ আসাদ)

## বাসচাপায় ব্যাটারিচালিত ভ্যানের ৩ যাত্রী নিহত

সিরাজগঞ্জের বেলকুচিতে বাসচাপায় ব্যাটারিচালিত ভ্যানে থাকা স্বামী-স্ত্রীসহ তিনজন নিহত হয়েছেন। এ ঘটনায় ভ্যানে থাকা ওই দম্পতির মেয়েসহ বাসের অন্তত ১০ যাত্রী আহত হয়েছেন। শুক্রবার সকাল ৬টার দিকে বেলকুচির মেঘুল্লা এলাকায় বাসস্ট্যান্ডের কাছে এ ঘটনা ঘটে। নিহত ব্যক্তিরা হলেন- বেলকুচি উপজেলার আজুগড়া হিজলতলা এলাকার মৃত বাছের সরকারের ছেলে মো. মোতালেব সরকার, তার স্ত্রী ফজিলা খাতুন ও জামতৈল গ্রামের মৃত সোনাউল্লাহ মুদির ছেলে অটোভ্যানের চালক মো. নুরু। আহত তামান্না খাতুন মোতালেব সরকারের মেয়ে। পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, মোতালেব হোসেন শুক্রবার সকালে তার স্ত্রী ও সন্তানকে নিয়ে উপজেলার আজুগড়া এলাকা থেকে ব্যাটারিচালিত ভ্যানে করে উপজেলা সদরের দিকে যাচ্ছিলেন। সকাল ৭টার দিকে ভ্যানটি মেঘুল্লা এলাকায় পৌঁছালে হঠাৎ এর এক্সেল রড ভেঙে যায়। এতে চালকসহ ভ্যানের সবাই সড়কের ওপর ছিটকে পড়ে যান। এ সময় এনায়েতপুর থেকে ছেড়ে আসা ঢাকাগামী একটি বাস তাদের বাঁচাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই ভ্যানচালক নূরুল ইসলাম ও যাত্রী ফজিলা খাতুন নিহত হন। আহত অবস্থায় হাসপাতালে নেওয়ার পথে মোতালেব হোসেনের মৃত্যু হয়। বেলকুচি থানার ওসি আবু জাফর ইমাম বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে। বাসটি সড়কের পাশের গাছের সঙ্গে আটকে আছে। আহত ব্যক্তিদের হাসপাতালে পাঠানো হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ আসাদ)

## বাজেট অধিবেশন ঘিরে সংসদ ভবন এলাকায় আগ্নেয়াস্ত্রসহ মিছিল-সমাবেশ নিষিদ্ধ

ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন (বাজেট অধিবেশন) ঘিরে নিরাপত্তায় শনিবার থেকে রাজধানীর বেশকিছু এলাকায় আগ্নেয়াস্ত্র বহনসহ সব ধরনের শোভাযাত্রা-বিক্ষোভ ও মিছিল-সমাবেশ নিষিদ্ধ ঘোষণা করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। শুক্রবার ডিএমপি কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদের সই করা এক গণবিজ্ঞপ্তিতে এই নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। গণবিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী রবিবার ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বিঘ্নে এই অধিবেশন নিশ্চিতে শের-ই-বাংলা নগরস্থ জাতীয় সংসদ ভবন ও পার্শ্ববর্তী এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষা করা প্রয়োজন। এই অবস্থায় ঢাকা মেট্রোপলিটন পুলিশ অর্ডিন্যান্স ২৮ ও ২৯ ধারায় অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত এলাকায় শনিবার রাত ১২টা হতে সব ধরনের অস্ত্রশস্ত্র, বিস্ফোরক দ্রব্য ও অন্যান্য ক্ষতিকারক এবং দূষণীয় দ্রব্য বহন ছাড়াও যে-কোনো প্রকার সমাবেশ, মিছিল-শোভাযাত্রা, বিক্ষোভ প্রদর্শন ইত্যাদি নিষিদ্ধ ঘোষণা করা হলো। ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন শেষ না হওয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ আসাদ)

## সোশ্যাল মিডিয়ার অপব্যবহারে রাজনৈতিক পরিবেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে : মির্জা ফখরুল

বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সামাজিক যোগাযোগমাধ্যমের অপব্যবহার এবং উদ্দেশ্যপ্রণোদিত ভুল প্রচারণার কারণে দেশের রাজনৈতিক পরিবেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে। শুক্রবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। মির্জা ফখরুল বলেন, সোশ্যাল মিডিয়ায় কুরুচিপূর্ণ ভাষা ও অপপ্রচারের বিস্তার সুস্থ রাজনৈতিক চর্চার জন্য বড়ো বাধা হয়ে দাঁড়িয়েছে। তিনি অভিযোগ করেন, দীর্ঘ আন্দোলন ও গণ-অভ্যুত্থানের মাধ্যমে অর্জিত গণতান্ত্রিক পরিবেশকে নষ্ট করতে এবং দেশে অস্থিতিশীলতা সৃষ্টি করতে একটি মহল পরিকল্পিতভাবে কাজ করছে। তিনি বলেন, দেশের এই সংকটময় সময়ে গণতন্ত্র রক্ষায় সবাইকে সতর্ক থাকতে হবে এবং গণতন্ত্রবিরোধী ষড়যন্ত্রকারীদের চিহ্নিত করা হবে। বিএনপিকে একটি উদার গণতান্ত্রিক রাজনৈতিক দল হিসেবে উল্লেখ করে তিনি বলেন, দলটি সবসময় জনগণের অধিকার ও কল্যাণের পক্ষে কাজ করে এসেছে। তবে দেশে গণতন্ত্র ও জনঅধিকারে অবিশ্বাসী কিছু অশুভ শক্তির উত্থান ঘটেছে, যাদের বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধভাবে সোচ্চার হতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ আসাদ)

## বজ্রপাতে দেশের পাঁচ জেলায় স্কুলছাত্রসহ ৫ জনের মৃত্যু

দেশের পাঁচ জেলায় বজ্রপাতে এক স্কুলছাত্রসহ মোট পাঁচজনের মৃত্যু হয়েছে। শুক্রবার সকাল থেকে দুপুরের মধ্যে বরগুনা, পটুয়াখালী, শরীয়তপুর, পিরোজপুর ও বরিশালে পৃথক এসব ঘটনা ঘটে। বরগুনায় সদর উপজেলার বুড়িরচর

ইউনিয়নে কৃষিজমিতে কাজ করার সময় বজ্রপাতে মহিউদ্দিন নামে এক কৃষকের মৃত্যু হয়। একই দিনে পটুয়াখালীর দুমকি উপজেলায় মাঠ থেকে গরু আনতে গিয়ে কৃষক মজিবর সরদার বজ্রপাতে প্রাণ হারান। শরীয়তপুরের গোসাইরহাট উপজেলায় গরু আনতে মাঠে গেলে বজ্রপাতে নিহত হন কৃষক মুছা হাওলাদার। পিরোজপুরের মঠবাড়িয়ায় একইভাবে মাঠ থেকে গরু আনতে গিয়ে ছোয়ারাব জোমাদ্দার নামের আরেক কৃষকের মৃত্যু হয়। এদিকে, বরিশালের আগৈলঝাড়া উপজেলায় মাছের ঘেরে কাজ করার সময় বজ্রপাতে তানভীর খান (১৮) নামে এক স্কুলছাত্র নিহত হয়। তিনি চলতি বছরের এসএসসি পরীক্ষার্থী ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, আকস্মিক বৃষ্টি ও বজ্রপাত শুরু হলে মাঠে ও খোলা জায়গায় কাজ করা অবস্থায় এসব দুর্ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসকরা তাদের মৃত ঘোষণা করেন। পুলিশ ও স্থানীয় প্রশাসন জানিয়েছে, ঘটনাগুলোতে আলাদা তদন্ত ও প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ আসাদ)

**দৌলতদিয়ায় বড়ো দুর্ঘটনা এড়ানো গেছে পূর্বপ্রস্তুতির কারণে : নৌপ্রতিমন্ত্রী**

রাজবাড়ীর গোয়ালন্দের দৌলতদিয়া ফেরিঘাটে যাত্রীবাহী বাস পদ্মা নদীতে ডুবে যাওয়ার ঘটনায় নৌপরিবহণ মন্ত্রণালয় ও জেলা প্রশাসনের পক্ষ থেকে পৃথক দুটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তিনি বলেন, পূর্বপ্রস্তুতি হিসেবে ফেরিতে ওঠার আগে যাত্রীদের বাস থেকে নামিয়ে দেওয়ার সরকারি নির্দেশনা কার্যকর থাকায় বড়ো ধরনের প্রাণহানি এড়ানো সম্ভব হয়েছে। বাসে থাকা যাত্রীদের শতভাগ নামিয়ে ফেরিতে তোলার উদ্যোগের কারণেই সবাই নিরাপদে ছিলেন। শুক্রবার দুর্ঘটনাস্থল পরিদর্শনকালে এ তথ্য জানান নৌপরিবহণ প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান। দৌলতদিয়ার ৭ নম্বর ফেরিঘাট পরিদর্শন শেষে প্রতিমন্ত্রী বলেন, সংশ্লিষ্ট সব সংস্থার সমন্বিত তৎপরতা এবং আগাম সতর্কতামূলক ব্যবস্থার কারণে বড়ো ধরনের এই দুর্ঘটনায় কোনো প্রাণহানি ঘটেনি। (রেডিও টুডে ওয়েব পেজ:০৫.০৬.২০২৬ আসাদ)

# BBC

**ZELENSKY PROPOSES FACE-TO-FACE TALKS IN OPEN LETTER TO PUTIN**

Volodymyr Zelensky has called for a face-to-face meeting between himself and Vladimir Putin in a renewed bid to end the war. In an open letter to the Russian president, the Ukrainian leader said it would be "wrong to simply wait" until the war in Europe becomes the focus of the US's attention once more, adding peace could only come "through direct engagement between" Ukraine and Russia. He also called for a full ceasefire for the duration of proposed negotiations - something Putin ruled out earlier on Thursday. US President Donald Trump said on Thursday he thought "it would be great" if the two leaders met. The Kremlin confirmed it had received the letter. (BBC News Web Page: 05/06/26, FARUK)

**FURY IN FRANCE AFTER CHILD MURDER SUSPECT'S CRIMINAL RECORD RELEASED**

There is fury in France over the murder of an 11 year-old girl after it emerged the principal suspect was identified several times in the past as a potential child molester. Lyhanna disappeared after school a week ago in the Gers area of south-west France. A body, presumed to be hers, was found on farmland near the town of Fleurance on Thursday. A 41-year-old man named as Jerome B. has been in custody since Monday. He is the father of a friend of Lyhanna, and two witnesses said they saw the girl in his car on the afternoon of her disappearance. Amid the shock and grief, the affair took a political turn as details of Jerome B.'s police record were released by officials. (BBC News Web Page: 05/06/26, FARUK)

**HEZBOLLAH REJECTS RENEWED CEASEFIRE AGREED BY ISRAEL AND LEBANON**

The Lebanese armed group Hezbollah has emphatically rejected the terms of a US-backed ceasefire between Israel and Lebanon. In a strongly worded statement, the Iran-backed group's leader Naim Qassem said negotiations had been "futile" and "humiliating" for Lebanon, and rejected categorically by "broad segments of the Lebanese people". It comes after Israel and Lebanon announced a renewal of their fragile ceasefire with the creation of "pilot" security zones inside Lebanon in which Hezbollah operatives would be banned. It also required Hezbollah to stop attacking Israel. Donald Trump later said he had spoken to Hezbollah and Israeli Prime Minister Benjamin Netanyahu and progress was being made. Trump added "I think you're going to see things happen over there".
(BBC News Web Page: 05/06/26, FARUK)

**NEARLY 50 PEOPLE DIE OF THIRST IN SAHARA DESERT AFTER LORRY BREAKS DOWN**

At least 49 people have died of thirst in a remote part of the Sahara desert in northern Niger after the truck carrying them broke down, authorities said. The group had been returning from Mali where they had attended a Muslim festival when they ran out of water, stranded

more than 80 km west of Assamaka, a major border crossing point between Niger and Algeria. "The travellers found themselves trapped in the heart of a hostile environment where extreme temperatures and lack of supply points make survival extremely difficult," said a statement from the Agadez governor. Only two survived, trekking across the desert to Assamaka, where they alerted authorities. The lorry had departed from the Malian town of Telhandek but veered away from its intended route, the governor's statement said.
(BBC News Web Page: 05/06/26, FARUK)

**XI JINPING TO MEET KIM JONG UN IN RARE VISIT TO NORTH KOREA**

China's President Xi Jinping will meet Kim Jong Un next week in a trip to North Korea, in his first visit in nearly seven years, according to both countries state media. XI will be in North Korea from 8 to 9 June at Kim's invitation. XI last visited Pyongyang in 2019. The visit comes weeks after Xi received US President Donald Trump and Russian President Vladimir Putin in Beijing - two countries that loom large over Pyongyang's foreign policy. China is a key economic and political partner of North Korea, which faces sweeping international sanctions as a result of its nuclear weapons programme and alleged human rights violations. China and North Korea share a 1,400km-long border and are bound by a defence pact - the only one China has with any country. It guarantees mutual support if either is attacked.
(BBC News Web Page: 05/06/26, FARUK)

**MANGROVE FORESTS ARE HEALING AFTER DECADES OF HUMAN DESTRUCTION**

The world's coastal mangrove forests, which protect millions of people from storms - and soak up vast amounts of planet-warming gases - are staging an unexpected comeback, scientists find. For decades these swampy trees had been declining rapidly as they were cleared for fish farms and housing. But a new study shows that since 2010 the world has been gaining more mangroves than it has been losing - driven by stronger legal protections and increased public awareness of their importance, sparked by disasters such as the 2004 Indian Ocean tsunami. The researchers say the key factor though is the remarkable capacity of these forests to regenerate naturally once humans stop chopping them down. Mangroves are one of the world's unsung environmental heroes.
(BBC News Web Page: 05/06/26, FARUK)

**UKRAINE STRIKES CARGO SHIPS AND ADMITS ROMANIA DRONE BLAST AS PUTIN PREPARES FOR KEY SPEECH**

Ukraine says it has struck five ships carrying illegal cargo in the Sea of Azov and in coastal waters of Russian-occupied territories. The Ukrainian drone forces commander said the vessels were involved in "stealing" Ukrainian grain, as well as transferring military cargo and fuel. The strikes comes as Russian President Vladimir Putin prepares to speak at a major economic event in St Petersburg, and a day after Ukraine's President Volodymyr Zelensky offered face-to-face talks with the Russian leader on ending the war. Meanwhile, Ukraine has confirmed one of its naval drones exploded off Romania's coast on Friday. No injuries were reported in the blast. (BBC News Web Page: 05/06/26, FARUK)

**IRELAND ISSUES TRAVEL BANS FOR TWO ISRAELI MINISTERS**

Travel bans on Israeli government ministers Itamar Ben-Gvir and Bezalel Smotrich, are being introduced by the Irish justice minister, Jim O'Callaghan, the Irish Prime Minister Micheal Martin has confirmed. Ben-Gvir is the Israeli national security minister and Smotrich is the minister for finance. Last month, France announced it had banned Ben-Gvir from entry for a video mocking bound activists seized by Israeli soldiers on a Gaza-bound aid flotilla. The US, the UK, France, Italy and Canada were among the countries which expressed outrage. Ben-Gvir's actions also drew criticism from Israeli Prime Minister Benjamin Netanyahu, who said they were "not in line with Israel's values".
(BBC News Web Page: 05/06/26, FARUK)

## :: THE END ::